# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

বাংলাদেশ বেতার

Falgun 26, 1432 Bangla, March 11, 2026, Wednesday, No. 70, 56th year

# H I G H L I G H T S

PM Tarique Rahman has expressed strong optimism that family cards will be delivered to nearly 40 million families across the country in phases within the next 5 years. (Jago FM: 11)

Dr Fahmida Khatun is the Executive Director of CPD has commented the 'Family Card' program launched by the govt will provide financial assistance to people and will help in women's empowerment. (Jago FM: 12)

The govt has formed a high-level committee to formulate a crisis management plan aimed at maintaining economic stability amid the ongoing Israel-US war against Iran. (Jago FM: 13)

Bangladesh Petroleum Corporation has ordered a 5-litre daily limit of octane or petrol per day for motorcycles used in ride-sharing services to maintain regular fuel supply across the country. (BBC: 03)

U.S. President Donald Trump has said his administration will lift some sanctions on oil-producing countries to keep energy prices down amid the US and Israel's war on Iran. (BBC: 07)

Turkish President Recep Tayyip Erdogan has warned Iran that the violation of Türkiye's airspace "cannot be excused for any reason whatsoever". (BBC: 08)

ICT Chief Prosecutor Md Aminul Islam has said an internal investigation would be conducted into allegations that a recently resigned prosecutor demanded Tk 1 crore in bribes to secure bail for an accused in a crime against humanity case. (DW: 09)

A large cache of weapons, including 3 firearms, 27 pipe guns & 1,113 rounds of bullets, have been recovered & 22 people detained during a special operation conducted by joint forces in Jungle Salimpur of Sitakunda in Chittagong. (BBC: 03)

Dhaka Metropolitan Police have arrested 4 members of a human skeleton theft ring in a special operation in the capital, recovering 47 human skulls and a large quantity of bones. (Jago FM: 14)

RAB has said that various extremist organizations in the northern and western parts of the country are trying to become active again after the July uprising. (Jago FM: 16)

| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048<br>44813179** | **Assistant News Controller: 44813047<br>44813178** |

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ফাল্গুন ২৬, বাংলা ১৪৩২, মার্চ ১১, ২০২৬, বুধবার, নং- ৭০, ৫৬তম বছর**

# শিরোনাম

আগামী পাঁচ বছরের মধ্যে দেশের প্রায় চার কোটি পরিবারের কাছে ফ্যামিলি কার্ড পৌঁছে দেওয়া হবে বলে দৃঢ় আশাবাদ ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। (জাগো এফএম: **১১**)

সরকারের চালুকৃত ‘ফ্যামিলি কার্ড’ কর্মসূচি মানুষকে আর্থিক সহায়তা দেবে এবং নারীর ক্ষমতায়নে সহায়ক হবে বলে মন্তব্য করেছেন সিপিডির নির্বাহী পরিচালক ড. ফাহমিদা খাতুন। (জাগো এফএম: **১২**)

বৈশ্বিক যুদ্ধ পরিস্থিতিতে অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষায় সংকট ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের জন্য একটি মন্ত্রিসভা কমিটি গঠন করেছে সরকার। (জাগো এফএম: **১৩**)

দেশে জ্বালানি তেলের সরবরাহ স্বাভাবিক রাখতে শুধুমাত্র ঢাকা মহনগরের রাইড শেয়ার মোটরসাইকেলের জন্য দৈনিক সর্বোচ্চ পাঁচ লিটার অকটেন বা পেট্রোল সরবরাহের সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন। (বিবিসি: ০৩)

বাড়তে থাকা জ্বালানি তেলের দাম মোকাবিলায় যুক্তরাষ্ট্র কিছু তেল-সম্পর্কিত নিষেধাজ্ঞা শিথিল করার কথা বিবেচনা করছে বলে জানিয়েছেন ডোনাল্ড ট্রাম্প । (বিবিসি: ০৭)

তুরস্কের প্রেসিডেন্ট রেচেপ তাইপ এরদোয়ান ইরানকে সতর্ক করে বলেছেন, তুর্কি আকাশসীমা লঙ্ঘন কোনোভাবেই ন্যায্যতা পেতে পারে না। (বিবিসি: ০৮)

সদ্য সাবেক এক প্রসিকিউটরের বিরুদ্ধে জামিন করিয়ে দেওয়ার জন্য এক কোটি টাকা চাওয়ার অভিযোগের অভ্যন্তরীণ তদন্ত করা হবে বলে জানিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। (ডয়েচে ভেলে: ০৯)

চট্টগ্রাম জেলার সীতাকুণ্ড উপজেলার জঙ্গল সলিমপুর এলাকায় যৌথবাহিনীর বিশেষ অভিযানে ৩টি আগ্নেয়াস্ত্র, ২৭টি পাইপগান, **১** হাজার **১১৩** রাউন্ড গুলিসহ বিপুল পরিমাণ অস্ত্র উদ্ধার করা হয়েছে; আটক ২২ জন । (বিবিসি: ০৩)

রাজধানীতে অভিযান চালিয়ে মানুষের ৪৭টি মাথার খুলি ও বিপুল পরিমাণ হাড়-কঙ্কাল উদ্ধার করেছে পুলিশ; এ ঘটনায় জড়িত চারজনকে গ্রেফতার করেছে। (জাগো এফএম: **১৪**)

অভ্যুত্থান পরবর্তী দেশের উত্তর ও পশ্চিমাঞ্চলের বিভিন্ন চরমপন্থি সংগঠন আবারও সক্রিয় হওয়ার চেষ্টা করছে বলে জানিয়েছে র্যাব। (জাগো এফএম: **১৬**)

# বিবিসি

## রাইড শেয়ার মোটরসাইকেলে জ্বালানি সীমা নির্ধারণ, দিনে সর্বোচ্চ ৫ লিটার

দেশে জ্বালানি তেলের সরবরাহ স্বাভাবিক রাখতে শুধুমাত্র ঢাকা মহানগরের রাইড শেয়ার মোটরসাইকেলের জন্য দৈনিক সর্বোচ্চ পাঁচ লিটার অকটেন বা পেট্রোল সরবরাহের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের (বিপিসি) এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, ফিলিং স্টেশন থেকে জ্বালানি তেল নেওয়ার সময় রাইড শেয়ার চালকদেরকে অবশ্যই তেলের ধরন, পরিমাণ ও মূল্য উল্লেখ করে ক্রয় রশিদ দিতে হবে। প্রতিবার তেল নেওয়ার সময় আগের ক্রয় রশিদের কপিও জমা দিতে হবে। এ ছাড়া মোটরসাইকেলের রেজিস্ট্রেশন নম্বর ও চালকের তথ্য রাইড শেয়ার অ্যাপের সঙ্গে মিলিয়ে তেল সরবরাহ করতে ফিলিং স্টেশনগুলোকে নির্দেশ দেওয়া হয়েছে। সেইসাথে, দেশে সরকার নির্ধারিত মূল্যে জ্বালানি তেল কেনা-বেচার বাধ্যবাধকতা রয়েছে উল্লেখ করে এতে আরও বলা হয় যে সংকটের অজুহাতে অতিরিক্ত মূল্য আদায় আইনগত অপরাধ।
(বিবিসি ওয়েব পেজ: ১০.০৩.২০২৬ এলিনা)

## জঙ্গল সলিমপুরে যৌথবাহিনীর বিশেষ অভিযানে বিপুল পরিমাণ অস্ত্র উদ্ধার, আটক ২২ জন

চট্টগ্রাম জেলার সীতাকুণ্ড উপজেলার জঙ্গল সলিমপুর (ছিন্নমূল/আলীনগর) এলাকায় যৌথবাহিনীর বিশেষ অভিযানে তিনটি আগ্নেয়াস্ত্র, ২৭টি পাইপগান, এক হাজার ১১৩ রাউন্ড গুলিসহ বিপুল পরিমাণ অস্ত্র উদ্ধার করা হয়েছে। এসময় ২২ জনকে আটক করা হয়। খবর রাষ্ট্রীয় সংবাদ সংস্থা বাসস-এর। আজ মঙ্গলবার চট্টগ্রাম জেলা পুলিশের বরাতে পুলিশ সদর দপ্তর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানিয়েছে। পুলিশ জানায়, অভিযানে তিনটি আগ্নেয়াস্ত্র উদ্ধার করা হয়েছে, যার মধ্যে একটি বিদেশি পিস্তল, একটি দেশীয় পিস্তল ও একটি এলজি রয়েছে। এই অভিযানে ২৭টি পাইপগান, ৩০টি পিস্তলের ম্যাগাজিন, ৫৭টি অস্ত্র তৈরির পাইপ, ৬১টি কার্তুজ, বিভিন্ন ধরনের এক হাজার ১১৩ রাউন্ড গুলি এবং ১১টি ককটেল উদ্ধার করা হয়। এছাড়া, পাইপগান তৈরির একটি লেদ মেশিনসহ বিপুল পরিমাণ অস্ত্র তৈরির সরঞ্জাম উদ্ধার করা হয়েছে। অভিযানে কোনো হতাহতের ঘটনা ঘটেনি। সার্বিক পরিস্থিতি আইন-শৃঙ্খলা বাহিনীর পূর্ণ নিয়ন্ত্রণে রয়েছে। উদ্ধারকৃত আলামত ও আটক ব্যক্তিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন বলে জানিয়েছে পুলিশ। গতকাল ভোর সাড়ে ৫টায় জঙ্গল সলিমপুরের বিভিন্ন পাহাড়ি ও দুর্গম এলাকায় এই বিশেষ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে বিভিন্ন আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর মোট তিন হাজার ১৮৩ জন সদস্য অংশ নেন। এতে তিনটি হেলিকপ্টার, ১৫টি এপিসি, র‌্যাব ও সিএমপির তিনটি ডগ স্কোয়াড এবং ১২টি ড্রোন ব্যবহার করা হয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ১০.০৩.২০২৬ এলিনা)

## টিএসসিতে দুই নারীকে লাঞ্ছিত করার ঘটনায় তিন ঢাবি শিক্ষার্থী ছয় মাসের জন্য বহিষ্কার

গত ২৪ ফেব্রুয়ারি ভোররাতে টিএসসি এলাকায় দুইজন ব্যক্তি ও দুইজন নারীকে লাঞ্ছিত করার ঘটনার সঙ্গে সম্পৃক্ত থাকায়, তদন্ত কমিটির সুপারিশে তিনজন শিক্ষার্থীকে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ছয় মাসের জন্য বহিষ্কার করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় অর্ডারে প্রদত্ত ক্ষমতাবলে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক সাইফুদ্দীন আহমদ তাদের বহিষ্কার করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের পরিচালক মোহাম্মদ রফিকুল ইসলাম এ তথ্য জানান।। বহিষ্কৃত শিক্ষার্থীরা হলো- শাহরিয়ার ইসলাম তুষার (থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ), রাকিব আহমেদ (বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগ) এবং শাহরিয়ার তানজিল (নৃ-বিজ্ঞান বিভাগ)। (বিবিসি ওয়েব পেজ: ১০.০৩.২০২৬ এলিনা)

## ভারত থেকে ৫ হাজার টন ডিজেল আসছে বাংলাদেশে

পাইপলাইনের মাধ্যমে মঙ্গলবার পাঁচ হাজার টন ডিজেল বাংলাদেশে পাঠাচ্ছে ভারত। ভারতের সাথে বাংলাদেশের একটি চুক্তি হয়েছে। সেই চুক্তির আওতায় পাইপলাইনের মাধ্যমে প্রতি বছর ১ লাখ ৮০ হাজার টন ডিজেল ভারত থেকে বাংলাদেশে আসবে। আজ যে ডিজেল বাংলাদেশে পৌঁছানোর কথা রয়েছে, সেটি ওই বার্ষিক সরবরাহেরই অংশ। বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের (বিপিসি) চেয়ারম্যান মুহাম্মদ রেজানুর রহমানের বরাত দিয়ে ভারতীয় বার্তাসংস্থা এএনআই এ তথ্য জানিয়েছে। এএনআইকে দেওয়া এক সাক্ষাৎকারে বিপিসি চেয়ারম্যান জানান, "চুক্তি অনুযায়ী ছয় মাসের মধ্যে অন্তত ৯০ হাজার টন ডিজেল বাংলাদেশে আমদানি হওয়ার কথা। আজ পাঁচ হাজার টনের চালান আসছে, আমরা আশা করছি, আগামী দুই মাসের মধ্যে ছয় মাসের পুরো ডিজেলের পরিমাণ আমরা নিয়ে আসতে পারবো।"(বিবিসি ওয়েব পেজ: ১০.০৩.২০২৬ এলিনা)

আলোচনায় কোহিনূর মিয়া, পুলিশ ও প্রশাসনে অবসর-বরখাস্ত থেকে ফেরানোর প্রভাব কেমন হবে

বাংলাদেশের বিএনপি নেতৃত্বাধীন চারদলীয় জোট সরকারের সময়ে বিভিন্ন ঘটনায় ব্যাপক আলোচিত হওয়া ও পরে আওয়ামী লীগ সরকারের সময়ে বরখাস্ত হওয়া পুলিশ কর্মকর্তা কোহিনূর মিয়ার দীর্ঘ পনেরো বছর পর আবার পুলিশের চাকরি ফেরত পাওয়ার খবর সংবাদ মাধ্যমের পাশাপাশি সামাজিক মাধ্যমে আলোচনার জন্ম দিয়েছে। আগের বরখাস্ত আদেশ বাতিল করে তাকে বকেয়া বেতন ভাতাসহ চাকরিতে পুনর্বহাল করে প্রজ্ঞাপন জারি করেছে সরকার। এর আগে, অধ্যাপক মুহাম্মদের ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের সময়ে এমন অনেক ব্যক্তিকে চাকরিতে ফিরিয়ে আনা হয়েছিল, যারা দীর্ঘকাল আগেই চাকরি থেকে অবসরে গিয়েছিলেন বা সরকার অবসরে পাঠিয়েছিল। কিন্তু এখন

নির্বাচিত সরকারের সময়েও একই চর্চা অব্যাহত থাকায় উদ্বেগ তৈরি হয়েছে পুলিশ ও প্রশাসনের নিয়মিত কর্মকর্তাদের মধ্যে। সাবেক আমলা ও জনপ্রশাসন বিশেষজ্ঞরা বলছেন, রাজনৈতিক বিবেচনায় এ ধরনের চুক্তিভিত্তিক নিয়োগ নেতিবাচক প্রভাব ফেলবে কর্মরতদের মধ্যে এবং এটি আমলাতন্ত্রের পেশাদারিত্বকে ঝুঁকির মুখে ফেলবে বলে মনে করেন তারা। তাদের মতে, যারা বঞ্চিত ছিলেন, তাদের প্রাপ্য আর্থিক সুবিধা দিয়ে ভিন্নভাবে কাজে লাগাতে পারে সরকার কিন্তু সেটি না করে দীর্ঘকাল ধরে কাজে সম্পৃক্ত না থাকা এসব ব্যক্তিকে সরাসরি একই পেশায় ফিরিয়ে আনলে সেটি কর্মরত যারা আছেন, তাদের জন্য ক্ষতিকর হবে। যদিও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে দেওয়া বিএনপির নির্বাচনি ইশতেহারে 'মেরিটোক্রেসির বাংলাদেশ বিনির্মাণের' প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল। সেখানে বলা হয়েছিল, "বেসামরিক ও সামরিক প্রশাসনে নিয়োগ, বদলি ও পদোন্নতিতে যোগ্যতাই হবে একমাত্র মাপকাঠি। কেউ যাতে অন্যায়ভাবে বঞ্চিত না হয়, সেটাও নিশ্চিত করা হবে।"

কোহিনূর মিয়া আলোচনায় কেন

বিএনপি নেতৃত্বাধীন চারদলীয় জোট ২০০১ সালের নির্বাচনের মাধ্যমে সরকার ক্ষমতায় আসার কয়েক বছরের মধ্যেই আলোচিত হয়ে উঠেছিলেন তখনকার পুলিশ কর্মকর্তা কোহিনূর মিয়া। ওই আমলে এক সময় তিনি ঢাকা মহানগর পুলিশের উপ-কমিশনার ছিলেন। বিসিএস ১২ ব্যাচের এই কর্মকর্তা ময়মনসিংহ জেলার পুলিশ সুপার হিসেবেও কাজ করেছেন। এই ব্যাচের অনেক কর্মকর্তারা বর্তমানে অতিরিক্ত আইজিপি পদমর্যাদায় রয়েছে বা অবসরে গেছেন। তবে ২০০২ সালের জুলাইয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলে গভীর রাতে পুলিশি অভিযানের ঘটনায় তিনি ব্যাপকভাবে আলোচনায় এসেছিলেন। ওই ঘটনার জেরে তীব্র আন্দোলনের মুখে তখনকার উপাচার্যকে পদত্যাগ করতে হয়েছিল। বিএনপি সরকারের সময়েই তার বিরুদ্ধে দুটি মামলা হয়েছিল। যদিও এসব মামলা থেকে তিনি খালাস পেয়েছেন। পরে আওয়ামী লীগ সরকারের সময়ে ২০০৯ সালের অক্টোবরে আওয়ামী লীগ সরকারের আমলে কোহিনূর মিয়াকে প্রথমে সাময়িক বরখাস্ত করা হয়। এর দুই বছর পর ২০১১ সালের ফেব্রুয়ারিতে তাকে চূড়ান্ত বরখাস্ত করে প্রজ্ঞাপন জারি করেছিল স্বরাষ্ট্র মন্ত্রণালয়। এরপর তাকে আর প্রকাশ্যে দেখা যায়নি। এখন আবার সরকার তাকে পুলিশের চাকরিতে ফিরিয়ে আনার পর এ নিয়ে আলোচনা- সমালোচনার ঝড় উঠেছে। চাকরি থেকে বিদায় নেওয়ার দীর্ঘ বিরতির পর ফিরে আসার ক্ষেত্রে কোহিনূর মিয়াই একমাত্র উদাহরণ নন।

দীর্ঘ বিরতির পর ফিরে আসা

আওয়ামী লীগের আমলে যুগ্ম সচিব হিসেবে অবসরে গিয়েছিলেন এ বি এম আব্দুস সাত্তার। এরপর ২০১৫ সাল থেকে তিনি বিএনপির প্রয়াত চেয়ারপার্সন খালেদা জিয়ার একান্ত সচিবের কাজ করছিলেন। অন্তর্বর্তী সরকারের সময়ে তাকে ভূতাপেক্ষ পদোন্নতি দিয়ে সচিব করা হয়। তারেক রহমান প্রধানমন্ত্রী হওয়ার পর মি. সাত্তারকে চুক্তিভিত্তিতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব করা হয়েছে। ২০২৫ সালের ফেব্রুয়ারিতে আওয়ামী লীগ আমলে বঞ্চিত দাবি করে আবেদন করা দেড় হাজার কর্মকর্তার (অবসরপ্রাপ্ত) মধ্যে ৭৬৪ জনকে উপ-সচিব, যুগ্মসচিব, অতিরিক্ত সচিব, গ্রেড-১ ও সচিব পদে ভূতাপেক্ষ পদোন্নতি দিয়ে প্রজ্ঞাপন জারি করেছিল জনপ্রশাসন মন্ত্রণালয়। এর ফলে, দীর্ঘদিন ধরে চাকরির বাইরে থাকা অনেকেরও আবার বকেয়া সব সুযোগ সুবিধা নিয়ে চাকরিতে ফিরে আসার সুযোগ হয়েছিল। সেসময় ভূতাপেক্ষা পদোন্নতি পেয়ে সচিব হয়েছিলেন ১১৯ জন। তবে কিছু নিয়োগ সেসময় বেশ আলোচনার জন্ম দিয়েছিল। তার মধ্যে ছিলেন পুলিশের সদ্য বিদায়ি আইজিপি বাহারুল আলমও। মি. আলম ২০২০ সালে চাকরি থেকে অবসরে গিয়েছিলেন। তাকেই অবসর থেকে ফিরিয়ে এনে ২০২৪ সালের নভেম্বরে আইজিপি করেছিল মি. ইউনূসের সরকার। আবার পুলিশ সদর দপ্তরের অতিরিক্ত আইজিপি থাকা অবস্থায় ২০১৬ সালের নভেম্বরে চাকরিচ্যুত হওয়া পুলিশ ক্যাডারের ১৯৮৪ ব্যাচের কর্মকর্তা শেখ মো. সাজ্জাত আলীকে নিয়োগ দেওয়া হয় ডিএমপির কমিশনার পদে। তারেক রহমানের নেতৃত্বে নতুন সরকার ক্ষমতায় আসার পর তারা দু-জনই চাকরি থেকে বিদায় নিয়েছেন। ওদিকে, অন্তর্বর্তী সরকারের সময়ে সিনিয়র সচিব হয়েছিলেন বর্তমান মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি, যাকে ২০১৩ সালে অবসরে পাঠিয়েছিল তখনকার সরকার। নতুন সরকার ক্ষমতায় আসারও পরেও একই ধারা অব্যাহত রয়েছে। চলতি মাসের শুরুতেই অবসর থেকে ফিরিয়ে এনে চারজনকে চুক্তিভিত্তিতে সচিবের দায়িত্ব দিয়েছে সরকার। এর মধ্যে স্থানীয় সরকার সচিব করা হয়েছে শহীদুল হাসানকে যিনি ২০০৮ সালে এলজিইডির প্রধান প্রকৌশলী হিসেবে অবসরে গিয়েছিলেন।

আবার ৬৯ বছর বয়সি মুন্সী আলাউদ্দিন আল আজাদকে এক বছরের জন্য ধর্মসচিব কবরা হয়েছে, যিনি ২০০৯ সাল পর্যন্ত প্রশাসনের সঙ্গে যুক্ত ছিলেন। এরপর তাকে ওএসডি করা হয়েছিল এবং তারপর আর কোনো প্রশাসনিক দায়িত্ব তাকে দেওয়া হয়নি। তবে ২০১৩ থেকে ২০১৫ সাল পর্যন্ত তিনি বাংলাদেশ ইনভেস্টমেন্ট ডেভেলপমেন্ট অথরিটির (বিডা) পরিচালক ছিলেন। আবার অন্তর্বর্তী সরকারের সরকারের সময়ে সিনিয়র সচিব হয়েছিলেন বর্তমান মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি, যাকে ২০১৩ সালে অবসরে পাঠিয়েছিল তখনকার সরকার।

অবসর থেকে ফিরিয়ে আনার প্রভাব কেমন হবে

বাংলাদেশের সরকারি চাকরি আইন অনুযায়ী, সরকার অবসরপ্রাপ্ত কর্মকর্তাদের চুক্তিভিত্তিক নিয়োগ দিতে পারে। তবে চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে কোনো কর্মকর্তার সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ, দক্ষতা, যোগ্যতার বিষয়গুলোকে বিশেষভাবে

বিবেচনা করার কথা। জনপ্রশাসন বিশেষজ্ঞ ও সাবেক অতিরিক্ত সচিব ফিরোজ মিয়া বলছেন, এটি করা হয়েছিল এজন্য যে সরকার যেন বিশেষভাবে দক্ষ কর্মকর্তাদের অবসরের পরেও চাইলে কাজে লাগাতে পারে। সাবেক সিনিয়র সচিব আবু আলম মোহাম্মদ শহীদ খান বলছেন, স্বাধীনতার পরপরই সরকার চুক্তিভিত্তিক নিয়োগ পদ্ধতি চালু করেছিল তবে তখন সেটি করা হয়েছিল বিজ্ঞানী, গবেষক ও ইংরেজির শিক্ষকের মতো কিছু ক্ষেত্রে। পরে জেনারেল এরশাদ সরকারের সময়ে চুক্তিভিত্তিক নিয়োগের সংখ্যা দশ শতাংশ করা হয়। তবে প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের সংগঠন থেকে বরাবরই এ ধরনের চুক্তিভিত্তিক নিয়োগের বিরোধিতা করা হয়েছে। "চুক্তিভিত্তিতে একজনকে সচিব পদে নিয়োগ দিলে নিয়মিত কাজ করছেন এমন চারজন কর্মকর্তা ক্ষতিগ্রস্ত হন কিংবা নিয়মিত পদোন্নতি থেকে বঞ্চিত হন। অন্তর্বর্তী সরকার ৫/১০ বছর আগে অবসরে যাওয়া লোকজনকে যাকে খুশী নিয়োগ দিয়েছে। অথচ সরকার চাইলে তাদের রেগুলার সার্ভিসের বাইরেও কাজে লাগাতে পারতো। তাতে করে পুলিশ বা প্রশাসনে বিশৃঙ্খলা হতো না," বিবিসি বাংলাকে বলছিলেন মি. খান। বিশেষজ্ঞরা বলছেন, কেউ অন্যায়ভাবে বঞ্চিত বা ক্ষতিগ্রস্ত হলে সরকার সেটি পর্যালোচনা করে তাকে প্রাপ্য আর্থিক সুবিধা ও পেনশন দিয়ে অন্য কোনোভাবে কাজে লাগাতে পারতো।

এদিকে, অবসরের পর দীর্ঘ বিরতিতে যাদের অন্তবর্তী সরকারের প্রশাসনে গুরুত্বপূর্ণ পদে নিয়োগ দেওয়া হয়েছিল, তারা এখনকার কর্মকর্তাদের সাথে খাপ খাওয়াতে পারেননি- এমন কথাও প্রচলিত আছে সচিবালয়ে। "চুক্তিভিত্তিক নিয়োগের সুযোগ রাজনৈতিক বিবেচনায় পুরস্কৃত করার জন্য ব্যবহৃত হলে এটা খারাপ নজির তৈরি করবে। এগুলোর মাধ্যমে দক্ষ, নিরপেক্ষ ও ভালো প্রশাসন আর কখনোই হবে না। ভালো আমলাতন্ত্র হবে না। অথচ সরকারের ভিশন বাস্তবায়নের জন্যই দক্ষ আমলা দরকার। মনে রাখতে হবে দশ বছর আগের প্রশাসন আর এখনকার প্রশাসন তো এক না," বিবিসি বাংলাকে বলছিলেন ফিরোজ মিয়া। তার মতে, খুব দক্ষ ছাড়া কাউকে চুক্তিভিত্তিতে আনা হলে তারা শেষ পর্যন্ত সরকারের জন্য বোঝা হবে এবং এদের কারণে প্রশাসনে অস্থিরতা তৈরির আশঙ্কা তৈরির হতে পারে।

(বিবিসি ওয়েব পেজ : ১০.০৩.২০২৬ আলী আহমেদ)

## 'ঘুস দাবির' অভিযোগ ওঠা প্রসিকিউটরের বিরুদ্ধে কী ব্যবস্থা নেওয়া হচ্ছে?

মানবতাবিরোধী অপরাধের মামলায় কারাবন্দি এক আওয়ামী লীগ নেতাকে জামিনে মুক্তি পাইয়ে দেওয়ার জন্য পরিবারের কাছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের একজন প্রসিকিউটরের এক কোটি টাকা ঘুস চাওয়ার অভিযোগে যে অডিও রেকর্ড ফাঁস হয়েছে, সেটির বিষয়ে অভ্যন্তরীণ তদন্ত করা হবে বলে জানিয়েছেন বর্তমান চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম। একইসাথে এই ধরনের অভিযোগ ওঠায়, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের বিচার শতভাগ প্রশ্নবিদ্ধ হয়েছে বলে মন্তব্য করেছেন আমিনুল ইসলাম। এদিকে, যার বিরুদ্ধে ঘুস চাওয়ার অভিযোগ উঠেছে সেই ব্যক্তি মো. সাইমুম রেজা তালুকদার এখন আর প্রসিকিউশন টিমে নেই, তিনদিন আগে তিনি পদত্যাগপত্র জমা দিয়েছেন। সোমবার সরকার তার পদত্যাগপত্র গ্রহণ করে প্রজ্ঞাপনও জারি করেছে। মি. তালুকদার তার বিরুদ্ধে আনা অভিযোগ অস্বীকার করে বিবিসি বাংলাকে বলেন, "সরকার আইনি প্রক্রিয়ায় গেলে সেটি ফেইস করবো।" চট্টগ্রাম-৬ আসনের আওয়ামী লীগের সাবেক সংসদ সদস্য এ বি এম ফজলে করিম চৌধুরীর বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে করা এই মামলাটির তদন্ত শেষ, প্রতিবেদন ট্রাইব্যুনালে জমা দেওয়ার জন্য অপেক্ষমাণ তালিকায় রয়েছে বলে জানিয়েছেন চিফ প্রসিকিউটর। অর্থাৎ এই মামলাটি এখনো অভিযোগ গঠন পর্যায়েই যায়নি। এরই মধ্যে ঘুস চাওয়ার মতো দুর্নীতির অভিযোগ উঠেছে। যে প্রসিকিউটরের বিরুদ্ধে এই ঘুস চাওয়ার অভিযোগ উঠেছে, তিনি অন্তর্বর্তী সরকারের আমলে নিয়োগ পেয়েছিলেন। তিনি আইনজীবী সনদপ্রাপ্ত হলেও, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকতা থেকে ট্রাইব্যুনালে এসেছিলেন।

এর আগে, ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর পদ থেকে তাজুল ইসলামকে সরিয়ে দেওয়ার পর সামাজিক যোগাযোগ মাধ্যমে একজন প্রসিকিউটর বিএম সুলতান মাহমুদ তার বিরুদ্ধে আর্থিক লেনদেনের সুনির্দিষ্ট অভিযোগ তুলেছিলেন। সুপ্রিম কোর্টের আইনজীবীদের কেউ কেউ তাজুল ইসলামের বিরুদ্ধে বিচারিক প্রক্রিয়ায় ব্যত্যয় ঘটানোর অভিযোগও তুলেছেন। এর আগে, একাত্তরের মানবতাবিরোধী অপরাধের মামলার বিচারের সময় তৎকালীন প্রসিকিউটর তুরিন আফরোজের বিরুদ্ধে গোপনে আসামির সাথে দেখা করার অভিযোগ উঠেছিল। সে সময় তাকে প্রসিকিউটর পদ থেকে সরিয়ে দিয়েছিল আওয়ামী লীগ সরকার। আওয়ামী লীগ সরকারের আমলে ২০১০ সালে একাত্তরের মানবতাবিরোধী অপরাধের বিচার করার জন্য এই আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল গঠন করা হয়। চব্বিশের গণ-অভ্যুত্থানের পরে এই ট্রাইব্যুনালেই চব্বিশের মানবতাবিরোধী অপরাধ মামলার বিচার শুরু হয়। এখন পর্যন্ত তিনটি মামলায় রায় ঘোষণা করা হয়েছে।

**ঘুস** চাওয়ার যে অভিযোগ উঠেছে

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের পদত্যাগ করা একজন প্রসিকিউটরের হোয়াটসঅ্যাপে কথোপকথনের সময় একজন আসামির স্বজনের কাছে এক কোটি টাকা ঘুস চেয়ে দরকষাকষি করার একটি অডিও রেকর্ড সংবলিত সংবাদ প্রকাশিত হয় বাংলাদেশের কয়েকটি গণমাধ্যমে। তবে, বিবিসি বাংলা সেই অডিও রেকর্ড যাচাই করতে পারেনি। বাংলাদেশের দৈনিক প্রথম আলো পত্রিকাসহ কয়েকটি গণমাধ্যমের খবরে বলা হয়েছে, হোয়াটসঅ্যাপ কলগুলোর একটা অডিও রেকর্ডে শোনা যায়, ওই আসামির পরিবারের এক সদস্যকে আগের একটা আলাপের কথা স্মরণ করিয়ে দিয়ে প্রসিকিউটর সাইমুম রেজা তালুকদার বলছেন, তিনি যদি শেষ পর্যন্ত ফজলে করিম চৌধুরীকে বের করতে পারেন, তখন

একটি “বেশ ভালো অ্যামাউন্টের” বিষয় থাকবে। পুরুষ কণ্ঠে বলতে শোনা যায়, “আমি ওয়ান ক্রোরের (এক কোটি টাকা) কথা বলেছিলাম।” ওই টাকা থেকে অ্যাডভান্স টাকা দেওয়ার কথাও বলেন ওই ব্যক্তি। তিনি বলেন, “যদি ১০ লাখের মতো অগ্রিম দেওয়া যায়, তাহলে খুব ভালো হয়...নগদে।” সাবেক সংসদ সদস্য ফজলে করিমকে ২০২৪ সালের ১২ সেপ্টেম্বর ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া সীমান্ত দিয়ে ভারতে পালিয়ে যাওয়ার সময় গ্রেফতার করে পুলিশ। বৈষম্যবিরোধী আন্দোলনের সময় চট্টগ্রামে ওয়াসিম আকরামসহ তিনজন নিহত হন। এই ঘটনায় মানবতাবিরোধী অপরাধের মামলায় ফজলে করিম চৌধুরীকে গ্রেফতার দেখানো হয়। ওই মামলার দুইদিন পরে আরো দুইটি হত্যা মামলায় তার বিরুদ্ধে অভিযোগ আনা হয়। এই হত্যা মামলাতেই কারাগারে রয়েছেন সাবেক ওই সংসদ সদস্য। গত বছরের ১৬ ফেব্রুয়ারি আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে হাজির করা হয় তাকে।

প্রসিকিউটর ও আসামির স্বজনের অডিও কল রেকর্ডের কথোপকথনে, এক কোটি টাকা কিস্তিতে দেওয়ার বিষয়েও আলোচনা হয়। দৈনিক প্রথম আলো পত্রিকায় প্রকাশিত একটি প্রতিবেদনে আসামির পরিবারের বরাত দিয়ে উল্লেখ করা হয়েছে, সাইমুম রেজা তালুকদার মোট ২৬ বার তাদের সঙ্গে যোগাযোগ করেছেন। এর মধ্যে মধ্যস্ততাকারীর মাধ্যমে এবং নিজে অন্তত ১৪ বার ঘুস চেয়েছেন। আওয়ামী লীগের সাবেক সংসদ সদস্য এ বি এম ফজলে করিম চৌধুরীর বিরুদ্ধে করা মামলাটির তদন্ত এরই মধ্যে শেষ হয়েছে, তবে এখনও ট্রাইব্যুনালে প্রতিবেদন জমা দেওয়া হয়নি। ট্রাইব্যুনাল আইনানুযায়ী, তদন্ত প্রতিবেদন জমা দেওয়ার পর সেটি গৃহীত হলে অভিযোগ গঠন করার ধাপ আসে। আর মানবতাবিরোধী অপরাধ মামলায় অভিযোগ গঠন করার মধ্যদিয়েই মামলাটির আনুষ্ঠানিক বিচার শুরু হয়। তবে প্রসিকিউটর হিসাবে যে ব্যক্তির কথা শোনা গেছে, তিনি সাইমুম রেজা তালুকদার কিনা, সেটি বিবিসি স্বাধীনভাবে যাচাই করতে পারেনি।

'বিচার প্রশ্নবিদ্ধ, প্রসিকিউটরদর ইমেজ সংকট হয়'

মঙ্গলবার বেলা ১২টায় ট্রাইব্যুনালে এক সংবাদ সম্মেলনে বর্তমান চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম জানান, যার বিরুদ্ধে অভিযোগ উঠেছে, তিনি এখন আর প্রসিকিউশন টিমে নেই। ওই ব্যক্তির কাছে থাকা মামলাগুলোর ফাইল ও সকল নথি এরই মধ্যে বর্তমান চিফ প্রসিকিউটর হেফাজতে নিয়েছেন বলে জানান। মি. তালুকদার তার আগের শিক্ষকতা পেশায় ফিরে যেতে পদত্যাগ করেছেন বলে চিফ প্রসিকিউটরকে জানিয়েছেন। এ ধরনের অভিযোগের ফলে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের মানবতাবিরোধী অপরাধ মামলার বিচারকাজ প্রশ্নবিদ্ধ হয় কিনা সাংবাদিকদের এমন প্রশ্নে তিনি বলেন, “শতভাগ প্রশ্নবিদ্ধ হয়। আমি আপনার সাথে একমত। এই রকম যদি কোনো বিষয় হয়, তাহলে তো অবশ্যই আমাদের ট্রাইব্যুনাল নিয়ে প্রশ্ন উঠে, আমাদের ইমেজ সংকট হয়। এটাতো সংগত কারণেই যে, এই রকম প্রশ্ন উঠবে কেন?” এমন অভিযোগের তদন্ত করা হবে কিনা জানতে চাইলে মি. ইসলাম প্রথমে আনুষ্ঠানিক অভিযোগ পাওয়া সাপেক্ষে ব্যবস্থা নেওয়ার কথা জানান। কিন্তু সাংবাদিকরা অডিও কল রেকর্ডের কথা উল্লেখ করলে পরে তিনি জানান, চিফ প্রসিকিউটরের কার্যালয় থেকে অভ্যন্তরীণ তদন্ত করা হবে। “যেই অডিওটা আসছে, যদি ফরমাল এলিগেশন আমার কাছে নাও আসে, আমার চিফ প্রসিকিউটরের কার্যালয় থেকে একটা অভ্যন্তরীণ তদন্ত আমরা করবো,” বলেন মি. ইসলাম। একইসাথে ৫ আগস্টের পরের সকল বিষয়ে তদন্ত করা হবে বলেও জানান তিনি।

নতুন এই চিফ প্রসিকিউটর বলেন, “শুধু তাই না, এই পার্টিকুলার বিষয়ে তো তদন্ত করবোই, ৫ আগস্টের পরে এই ট্রাইব্যুনাল গঠন হওয়ার পরের সমস্ত বিষয় আমি আমার অভ্যন্তরীণ একটি কমিটি করে তদন্ত করে দেখবো, কোনো অনিয়ম পেলে সেটি আমার কর্তৃপক্ষের কাছে আমি একটি রিপোর্ট দেব।” এ বছরের ১২ ফেব্রুয়ারি ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের পরে ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর পদ থেকে সরিয়ে দেওয়া হয় তাজুল ইসলামকে। নিয়োগ পান আমিনুল ইসলাম। চিফ প্রসিকিউটর মি. ইসলাম জানান, তার যোগদানের আগের ঘটনাসহ সবগুলোর বিষয়ে অভ্যন্তরীণ তদন্ত করে সুপারিশ করবেন। “আর যদি কোনো ফরমাল এলিগেশন আমার কাছে আসে, স্পেসিফিক এলিগেশন থাকে, সেটার ওপরে আমি আমাদের প্রচলিত আইনে যেভাবে ব্যবস্থা নেওয়া হয়, সেভাবে ব্যবস্থা নেব”, বলেন মি. ইসলাম।

“সরকার যদি আইনি প্রক্রিয়ায় যায় ফেইস করতেই হবে”

চব্বিশের গণ-অভ্যুত্থানের পরে ওই বছরের ৭ অক্টোবর অন্তর্বর্তী সরকার মো. সাইমুম রেজা তালুকদারকে সহকারী অ্যাটর্নি জেনারেলের পদমর্যাদায় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রসিকিউশন টিমে নিয়োগ দেন। এর আগে, তিনি বেসরকারি ব্রাক বিশ্ববিদ্যালয়ে পড়াতেন। মি. তালুকদার দাবি করেন, “আমি অভিযোগ ভিত্তিহীন দাবি করছি। সরকার যদি লিগ্যাল ওয়েতে যায়, সেটি ফেস করব আমি।” ঘুস চাওয়ার যে অডিও রেকর্ডটি ফাঁস হয়েছে, সেটি তার নয় দাবি করে বলেন, “এজন্যই তো আমি ফেস করব (আইনি প্রক্রিয়া)। আমি তো অপরাধ করি নাই, আমি কেন পালাবো।” যদি ঘুস চাওয়ার অভিযোগ মিথ্যা হয়, তাহলে কেন পদত্যাগ করেছেন এমন প্রশ্নে মি. তালুকদার জানান, তিনি কয়েকদিন আগেই পদত্যাগপত্র জমা দিয়েছেন, সেটি কাল গৃহীত হয়েছে। মি. তালুকদার দাবি করেন, প্রসিকিউশনের একক কোনো ব্যক্তির পক্ষে এভাবে টাকা নিয়ে কাউকে জামিনে মুক্ত করিয়ে দেওয়া সম্ভব না। “এটা একটা টিমওয়ার্ক। মনে করেন যে, কেউ টাকা নিল বা চাইল বা নিলেও তার পক্ষে তখন সিঙ্গেল হ্যান্ডেডলি একটা ডিসিশন মেনিপুলেট করা বা কনসেন্ট তৈরি করা এগুলা সম্ভব না। সিস্টেমটাই এরকম না,” বলেন মি. তালুকদার। ট্রাইব্যুনালের

প্রসিকিউশনে 'টিম ডিসিশন' হয় এবং পরে সিদ্ধান্ত দেন বিচারকরা তাই এককভাবে কারো পক্ষে এ ধরনের দুর্নীতি করা সম্ভব নয় বলে দাবি করেন তিনি।

সাবেক চিফ প্রসিকিউটর তাজুল ইসলাম ঘুষের অভিযোগ জানতেন

চব্বিশের গণ-অভ্যুত্থানের পরে অন্তর্বর্তী সরকার গঠনের পর আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে চিফ প্রসিকিউটর হিসেবে নিয়োগ পান জামায়াতে ইসলামীপন্থীর আইনজীবী তাজুল ইসলাম। মি. ইসলামের নিয়োগ নিয়ে সে সময় বেশ সমালোচনা হয়েছিল, কারণ তিনি একই ট্রাইব্যুনালে একাত্তরের মানবতাবিরোধী অপরাধ মামলায় জামায়াত নেতাদের পক্ষে আইনজীবী ছিলেন। ঘুস দাবির এই অভিযোগের বিষয়ে তৎকালীন চিফ প্রসিকিউটর তাজুল ইসলামের কাছে আসামির পরিবার অভিযোগ করেছিলেন বলে গণমাধ্যমের খবরে বলা হয়েছে। পরে তিনি প্রসিকিউটর সাইমুম রেজা তালুকদারকে ওই মামলা থেকে সরিয়ে দেন। তবে কোনো তদন্ত হয়নি। গণমাধ্যমের খবরে বলা হয়েছে, তাজুল ইসলাম জানার পর প্রসিকিউটর মি. তালুকদার ওই আসামির পরিবারকে ফোনের নিরাপত্তার বিষয়ে সতর্ক করেন। এ বিষয়ে কথা বলতে ফোন করলেও রিসিভ করেননি সাবেক চিফ প্রসিকিউটর মি. ইসলাম। এদিকে, বেলা ১২টায় ট্রাইব্যুনালে এক সংবাদ সম্মেলনে বর্তমান চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম জানান, আগের চিফ প্রসিকিউটর বিষয়টি সম্পর্কে অবগত ছিলেন। তবে কেন ব্যবস্থা নেননি, সে বিষয়ে প্রশ্ন তোলেন তিনি। চিফ প্রসিকিউটর মি. ইসলাম বলেন, "যে নিউজটা আমরা পেয়েছি, এটা তো একটা সিরিয়াস অভিযোগ। এই অভিযোগ আমাদের কোনো প্রসিকিউটরের বিরুদ্ধে ওঠার কথা ছিল না। যখন উঠেছে, তাৎক্ষণিকভাবে এটার ব্যবস্থা নেওয়া উচিত ছিল। আমরা এটার প্রশ্রয় কেন দিয়েছি, আমি জানি না।" তিনি আরো উল্লেখ করেন, হয়ত তার কাছে আনুষ্ঠানিক অভিযোগ ছিল না। "হ্যাঁ, হতে পারে যে, ফরমাল কোনো এলিগেশন তার কাছে আসে নাই। এটা জানেন আপনারা যে, মিডিয়াতে নানান অভিযোগ থাকলেও, যতক্ষণ পর্যন্ত আনুষ্ঠানিকভাবে কোনো অভিযোগ আমাদের কাছে না আসবে, আমাদের পক্ষেও তো এটাকে প্রসিড করার একটু আইনগত বাধ্যবাধকতা থাকে," বলেন চিফ প্রসিকিউটর।

তবে, নতুন সরকার ক্ষমতায় আসার পরে, চিফ প্রসিকিউটর পরিবর্তন হলেও, অভিযুক্ত পদত্যাগ করা প্রসিকিউটর সাইমুম রেজা তালুকদার আসামির পরিবারের সাথে দর-কষাকষি চালিয়ে গেছেন। ঘুস দাবির এই বিষয়টি আসামির পরিবার আইনমন্ত্রী মো. আসাদুজ্জামানকেও অবহিত করেছিলেন বলে গণমাধ্যমের খবরে বলা হয়েছে। তবে, এ বিষয়ে জানতে চাইলে আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান কোনো মন্তব্য করতে রাজি হননি, বলেন, "নো কমেন্টস।" এদিকে, সুপ্রিমকোর্টের জ্যেষ্ঠ আইনজীবী ও আইনজ্ঞ শাহদীন মালিক মনে করেন, ঘুষের যে অভিযোগ উঠেছে, সেটির জন্য কেবল অভ্যন্তরীণ তদন্ত যথেষ্ট নয়, কারণ ঘুস দাবি করা একটি ফৌজদারি অপরাধ। "এটা পুলিশকে দিয়ে তদন্ত করা উচিত। চিফ প্রসিকিউটর বলেছেন, অভ্যন্তরীণ তদন্ত হবে, কিন্তু সেটা হয় প্রশাসনিক গাফিলতির জন্য। ঘুস লেনদেন ফৌজদারি অপরাধের অভিযোগ। অতএব ফৌজদারি অভিযোগের তদন্ত করতে হবে সিআইডি বা দুদকের মাধ্যমে," বলেন মি. মালিক। মি. মালিক মনে করেন, এটি যেহেতু দুর্নীতি, তাই এই অপরাধের তদন্ত যথাযথ কর্তৃপক্ষকে দিয়েই করাতে হবে, নতুবা বিচার নিয়ে ওঠা প্রশ্ন থেকেই যাবে। "নাহলে এই আদালতের বিচার কার্যক্রমের স্বচ্ছতা সম্পর্কে একটা সন্দেহ তো থেকেই যাবে জনমানুষের মনে," উদ্বেগ প্রকাশ করে বলেন এই আইনজ্ঞ।

(বিবিসি ওয়েব পেজ : ১০.০৩.২০২৬ আলী আহমেদ)

## কিছু দেশের ওপর নিষেধাজ্ঞা তুলে নেওয়া হতে পারে : পুতিনের সঙ্গে আলাপের পর ট্রাম্প

ডোনাল্ড ট্রাম্প বলেন, বাড়তে থাকা জ্বালানি তেলের দাম মোকাবিলায় যুক্তরাষ্ট্র কিছু তেল-সম্পর্কিত নিষেধাজ্ঞা শিথিল করার কথা বিবেচনা করছে। তিনি সাংবাদিকদের বলেন, "কিছু দেশের ওপর আমাদের নিষেধাজ্ঞা আছে। পরিস্থিতি ঠিক না হওয়া পর্যন্ত আমরা সেই নিষেধাজ্ঞা তুলে নেব।" মার্কিন প্রেসিডেন্ট যোগ করেন, "তারপর, কে জানে? হয়ত আর নিষেধাজ্ঞা দিতে হবে না- এতটাই শান্তি থাকবে।"একই সংবাদ সম্মেলনে ট্রাম্প জানান, তিনি রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে "খুব ভালো" একটা ফোনালাপ করেছেন। তবে তিনি বিস্তারিত বলেননি কোন নিষেধাজ্ঞা বা কোন দেশের ওপর আরোপিত নিষেধাজ্ঞা তুলে নেওয়া হতে পারে। যদিও যুক্তরাষ্ট্র ইতোমধ্যেই সাময়িকভাবে নিষেধাজ্ঞা শিথিল করেছে, যাতে ভারত সমুদ্রপথে আটকে থাকা রুশ তেল কিনতে পারে।

(বিবিসি ওয়েব পেজ: ১০.০৩.২০২৬ এলিনা)

## ইরানি শাসনব্যবস্থা গুঁড়িয়ে দিচ্ছে ইসরায়েল, দাবি নেতানিয়াহুর

ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু বলেছেন, ইসরায়েলের সামরিক অভিযানে ইরানের শাসন ব্যবস্থা গুঁড়িয়ে দেওয়া হচ্ছে। ইসরায়েলের লক্ষ্য হলো ইরানি জনগণকে বর্তমান শাসনব্যবস্থার "নিপীড়ন" থেকে মুক্ত করা, তবে "শেষ পর্যন্ত এটি তাদের ওপরই নির্ভর করছে," বলেন তিনি। ইসরায়েলি প্রধানমন্ত্রীর দপ্তরের এক্স অ্যাকাউন্টে প্রকাশিত বক্তব্যে তিনি বলেন, "এ পর্যন্ত যে পদক্ষেপ নেওয়া হয়েছে, তাতে কোনো সন্দেহ নেই যে, আমরা তাদের হাড় ভেঙে দিচ্ছি এবং আমরা এখনো সক্রিয়"।(বিবিসি ওয়েব পেজ: ১০.০৩.২০২৬ এলিনা)

## ইরানের সঙ্গে যুদ্ধ শুরুর পর ২৩৩৯ জন আহত : ইসরায়েলের স্বাস্থ্য মন্ত্রণালয়

মঙ্গলবার এক বিবৃতিতে ইসরায়েলের স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, ইরানের সঙ্গে যুদ্ধ শুরুর পর থেকে ২ হাজার ৩৩৯ জন আহত ব্যক্তিকে হাসপাতালে নেওয়া হয়েছে। এর মধ্যে ৯৫ জন এখনো চিকিৎসাধীন, যাদের অবস্থা অতিমাত্রায়

সংকটজনক থেকে মৃদু পর্যন্ত। গত ২৪ ঘণ্টায় হাসপাতালগুলোতে ১৯১ জন নতুন রোগী ভর্তি হয়েছে। এর মধ্যে, একজনের অবস্থা অত্যন্ত সংকটজনক, তিনজন গুরুতর, দু-জন মাঝারি অবস্থায়, ১৭২ জনের অবস্থা হালকা এবং ১০ জন উদ্বেগজনিত রোগে ভুগছেন। এছাড়া, চিকিৎসা মূল্যায়নের অধীনে রয়েছেন আরও তিনজন। এদিকে, ইসরায়েলি হোম ফ্রন্ট কমান্ড জানিয়েছে, ইরান থেকে মধ্য ইসরায়েল লক্ষ্য করে নিক্ষিপ্ত ক্ষেপণাস্ত্র শনাক্ত করা হয়েছে, যেখানে লক্ষাধিক ইসরায়েলি নাগরিক বাস করেন।(বিবিসি ওয়েব পেজ: ১০.০৩.২০২৬ এলিনা)

## তুরস্কের আকাশসীমা লঙ্ঘনের 'কোনো ন্যায্যতা নেই', ইরানকে এরদোয়ান

তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইপ এরদোয়ান ইরানকে সতর্ক করে বলেছেন, তুর্কি আকাশসীমা লঙ্ঘন "কোনোভাবেই ন্যায্যতা পেতে পারে না।" তিনি বলেন, আঞ্চলিক দেশগুলোর ওপর হামলা কোনো পক্ষকেই সাহায্য করছে না। ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ানের সঙ্গে এক ফোনালাপে এরদোয়ান বলেন, তুরস্ক যুদ্ধের অবসান ঘটাতে কূটনীতির পথ খুলে দেওয়ার চেষ্টা করছে। গত রাতে মন্ত্রিসভার বৈঠকে এরদোয়ান বলেন, "আমাদের আন্তরিক সতর্কবার্তা সত্ত্বেও অত্যন্ত ভুল এবং উত্তেজনা-সৃষ্টিকারী পদক্ষেপ নেওয়া হচ্ছে, যা তুরস্কের বন্ধুত্বকে ঝুঁকির মুখে ফেলছে।" এই মন্তব্য আসে এমন সময়, যখন নেটোর আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা সোমবার তুর্কি আকাশসীমায় প্রবেশ করা ইরানের দ্বিতীয় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ভূপাতিত করে। নেটো সদস্য দেশগুলোর মধ্যে তুরস্কের সেনাবাহিনী আকারে দ্বিতীয় বৃহত্তম এবং দেশটির সঙ্গে ইরানের ৫০০ বছরের স্থিতিশীল সীমান্ত রয়েছে। নেটোর অন্য কোনো দেশ ইরানে অবশিষ্ট শাসনব্যবস্থার সঙ্গে এমন নিবিড় যোগাযোগ রাখে না। ইউক্রেন, গাজা এবং আরও বেশ কিছু সংকটের মতো এখানেও এরদোয়ান নিজেকে মধ্যস্থতাকারী হিসেবে প্রতিষ্ঠিত করছেন।(বিবিসি ওয়েব পেজ: ১০.০৩.২০২৬ এলিনা)

## যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের কোনো 'বাস্তবসম্মত লক্ষ্য' নেই : ইরানের পররাষ্ট্রমন্ত্রী

ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি যুক্তরাষ্ট্রের সম্প্রচার মাধ্যম পিবিএস নিউজকে চলমান যুক্তরাষ্ট্র-ইসরায়েল বনাম ইরান যুদ্ধ নিয়ে সোমবার গভীর রাতে একটি বিস্তৃত সাক্ষাৎকার দেন। সেখানে তার বক্তব্যের মূল পয়েন্টগুলো হলো- মোজতবা খামেনির নিয়োগ- আরাঘচি বলেন, আলী খামেনির ছেলেকে নিয়োগ দেওয়ায় তার পিতার শাসনব্যবস্থার "ধারাবাহিকতা" রক্ষা হবে এবং একইসঙ্গে "কিছুটা স্থিতিশীলতাও" এনে দেবে। যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনা- যুদ্ধ নিয়ে যুক্তরাষ্ট্রের কর্মকর্তাদের সঙ্গে কোনো যোগাযোগ হয়েছে কি না, এমন প্রশ্নে আরাঘচি বলেন, তিনি বিশ্বাস করেন না যে, এই সুযোগ আসবে, কারণ ইরানের "আমেরিকানদের সঙ্গে কথা বলার খুব তিক্ত অভিজ্ঞতা" রয়েছে। মার্কিন-ইসরায়েলি লক্ষ্য- আরাঘচির মতে, "আমি মনে করি না, তাদের মাথায় কোনো বাস্তবসম্মত শেষ লক্ষ্য রয়েছে।" তিনি যোগ করেন, এখন পর্যন্ত তারা তাদের সব লক্ষ্য অর্জনে ব্যর্থ হয়েছে বলে তিনি মনে করেন। তেলের দাম- আরাঘচি বলেন, তেলের দাম বৃদ্ধি "আমাদের দোষ নয়," তিনি এর জন্য "ইসরায়েলি ও আমেরিকানদের ইরানের বিরুদ্ধে হামলা ও আগ্রাসনকে" দায়ী করেন। তিনি আরও বলেন, ইরান "হরমুজ প্রণালি বন্ধ করেনি" এবং "আমরা কাউকে ওই প্রণালিতে চলাচল থেকে বিরত করছি না।" নাগরিক হতাহতের বিষয়- ইরানের পররাষ্ট্রমন্ত্রী বলেন, ইরানি হামলায় "কিছু পার্শ্বপ্রতিক্রিয়া" হয়েছে, তবে তিনি দাবি করেন, ইরান "কোনো বেসামরিক স্থাপনা, কোনো বেসামরিক লক্ষ্য বা কোনো বেসামরিক স্থানে কখনো ইচ্ছাকৃতভাবে হামলা করেনি।"(বিবিসি ওয়েব পেজ: ১০.০৩.২০২৬ এলিনা)

## যুদ্ধবিরতি চায় না ইরান : ইরানের স্পিকার

ইরানের পার্লামেন্টের স্পিকার মোহাম্মদ বাকের কালিবাফ বলেছেন, ইরান যুদ্ধবিরতি চাইছে না। সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে তিনি লিখেছেন, "আমরা অবশ্যই যুদ্ধবিরতি চাইছি না। কারণ আমরা মনে করি, আগ্রাসনকারীকে এমনভাবে জবাব দিতে হবে, যাতে সে শিক্ষা পায় এবং ভবিষ্যতে আর কখনও আমাদের প্রিয় ইরানে হামলার কথা না ভাবতে পারে।" তিনি আরও বলেন, "জায়নবাদী শাসনব্যবস্থা নিজেদের আধিপত্য ধরে রাখার জন্য যুদ্ধ, আলোচনা, যুদ্ধবিরতি এবং আবার যুদ্ধ- এই চক্র চালু রাখতে চায়। আমরা এই চক্র ভেঙে দেব।" খাতাম আল-আনবিয়া সদর দপ্তরও এক বিবৃতিতে বলেছে, ইরান যুদ্ধবিরতি চাইছে না এবং যুক্তরাষ্ট্র ও ইসরায়েল তাদের কর্মকাণ্ডের জন্য "অনুতপ্ত" না হওয়া পর্যন্ত এই যুদ্ধ শেষ হবে না। ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচিও একই ধরনের মন্তব্য করেছেন। পিবিএসকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, ইরান যুক্তরাষ্ট্রের সঙ্গে ফের কোনো আলোচনায় বসবে বলে তার মনে হচ্ছে না। কারণ, যুক্তরাষ্ট্রের সাথে আলোচনার অভিজ্ঞতা ইরানের জন্য খুবই তিক্ত। এসময় তিনি আরও বলেন যে, এর আগে যুক্তরাষ্ট্রের সাথে দুই দফায় আলোচনা হয়েছিল। তারপরই ইরানের ওপর এবারের এই হামলা চালানো হয়েছে। তিনি বলেন, আগে দুই দফা আলোচনার পরই ইরানের ওপর হামলা হয়েছে। এদিকে, ইরানের উপ-পররাষ্ট্রমন্ত্রী আজ বলেছেন, যুদ্ধবিরতির জন্য জন্য শর্ত হলো- ভবিষ্যতে ইরানের ওপর আর কখনও আক্রমণ করা হবে না, এমন নিশ্চয়তা দিতে হবে।(বিবিসি ওয়েব পেজ: ১০.০৩.২০২৬ এলিনা)

## যুদ্ধ শুরুর পর থেকে ইরানে নিহত প্রায় দেড় হাজার

যুদ্ধ শুরুর পর থেকে ইরানে নিহত মানুষের সংখ্যা এক হাজার ৩৩২ জনে পৌঁছেছে বলে জানিয়েছে দেশটির সরকারি কর্মকর্তারা। সরকারের মুখপাত্র ফাতেমেহ মহাজেরানি বলেছেন, নিহতদের মধ্যে ২০৬ জন নারী ও শিশু রয়েছে। তিনি আরও দাবি করেন, হামলায় কয়েক ডজন স্বাস্থ্যকেন্দ্র লক্ষ্যবস্তু করা হয়েছে।

(বিবিসি ওয়েব পেজ: ১০.০৩.২০২৬ এলিনা)

## ইরানে যুক্তরাষ্ট্রের হামলার সবচেয়ে তীব্রতম দিন হবে আজ : পেন্টাগন

মার্কিন প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ বলেছেন, ইরানে যুক্তরাষ্ট্রের হামলার ক্ষেত্রে আজই হবে "সবচেয়ে তীব্রতম" দিন। আজ সেখানে সবচেয়ে বেশি যুদ্ধবিমান, বোমারু বিমান ও হামলা চালানো হবে। তিনি আরও বলেন, যুদ্ধ শুরুর পর থেকে গত ২৪ ঘণ্টায় ইরান সবচেয়ে কম-সংখ্যক ক্ষেপণাস্ত্র ছুড়েছে। একই কথা উল্লেখ করে জয়েন্ট চিফস অব স্টাফের চেয়ারম্যান জেনারেল ড্যান কেইন বলেন, "শুরুর দিকের তুলনায় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র হামলা প্রায় ৯০ শতাংশ কমে গেছে এবং অভিযান শুরুর পর থেকে একমুখী ড্রোন হামলার হার ৮৩ শতাংশ কমেছে।" এদিকে, হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচলের ক্ষেত্রে সামরিক বাহিনী কীভাবে নিরাপত্তা দিতে পারে, সেসব বিষয় নিয়েও যুক্তরাষ্ট্র ভাবছে বলে জানান কেইন। হেগসেথ বলেন, ইরানের নতুন সর্বোচ্চ নেতা মোজতবা খামেনির জন্য বুদ্ধিমানের কাজ হবে ডোনাল্ড ট্রাম্পের কথাকে গুরুত্ব দিয়ে পারমাণবিক অস্ত্র তৈরির চেষ্টা না করা। বেসামরিক হতাহতের ঝুঁকি কমাতে পেন্টাগন কী পদক্ষেপ নেবে? এমন এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, এ ধরনের অভিযোগ এলে তা তদন্ত করা হবে। তবে তার দাবি, বেসামরিক মানুষকে যাতে লক্ষ্যবস্তু করা না হয়, তা নিশ্চিত করতে যুক্তরাষ্ট্রের মতো সতর্কতা পৃথিবীর আর কোনো দেশ নেয় না। (বিবিসি ওয়েব পেজ: ১০.০৩.২০২৬ এলিনা)

## গ্যাস ও তেলের দাম কমলেও শঙ্কা এখনো কাটেনি

সোমবার ডোনাল্ড ট্রাম্পের মন্তব্যের পর তেলের দাম বেশ খানিকটা কমেছে। তিনি বলেছিলেন যে, ইরানের যুদ্ধ "প্রায় পুরোপুরি শেষ", যা একটি দীর্ঘস্থায়ী সংঘাত এড়ানো যেতে পারে বলে আশা জাগিয়েছে। অপরিশোধিত তেল বর্তমানে ব্যারেল প্রতি প্রায় ৮৮ ডলারে লেনদেন হচ্ছে, যা সোমবারের ১১৯ ডলারের স্তরের তুলনায় অনেকটা নিচে। গত ২৪ ঘণ্টায় দাম কমলেও, যুদ্ধ শুরুর আগের তুলনায় তেলের দাম এখনো অনেক বেশি, তখন প্রতি ব্যারেল তেলের দাম ছিল প্রায় ৭২ ডলার, গ্যাসের দামও কমেছে। যুক্তরাজ্যে, আগামী মাসের সরবরাহের জন্য গ্যাসের দাম গতকালের সর্বোচ্চ ১৭১ পেন্স থেকে উল্লেখযোগ্যভাবে কমে ১২৬ পেন্স (প্রতি থার্ম) হয়েছে। জ্বালানির দাম কমে যাওয়ায় শেয়ার বাজারের সূচক ঊর্ধ্বমুখী হয়েছে। তবে অনেক ঝুঁকি এখনো রয়ে গেছে। হরমুজ প্রণালি, যা দিয়ে বিশ্বের মোট তেল সরবরাহের প্রায় এক-পঞ্চমাংশ পরিবাহিত হয়, সেখানে দীর্ঘমেয়াদি সংকটের আশঙ্কায় মূলত জ্বালানির দাম বেড়েছিল। এক সপ্তাহেরও বেশি আগে যুদ্ধ শুরু হওয়ার পর থেকে এই প্রণালি দিয়ে চলাচল প্রায় বন্ধ রয়েছে। মঙ্গলবার বিশ্বের বৃহত্তম তেল রপ্তানিকারক প্রতিষ্ঠান সৌদি আরামকোর প্রধান সতর্ক করে বলেছেন যে, এই রুটটি যদি অবরুদ্ধ থাকে তবে তার ফলাফল "ভয়াবহ" হতে পারে। (বিবিসি ওয়েব পেজ: ১০.০৩.২০২৬ রনি)

# এনএইচকে

## সাফল্যের কথা তুলে ধরে হরমুজ প্রণালী নিরাপদ থাকবে বলে উল্লেখ করেছেন ট্রাম্প

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের বিরুদ্ধে মার্কিন-ইসরায়েলি সামরিক অভিযানের সাফল্যের কথা তুলে ধরার পাশাপাশি তেহরান তেলের প্রবাহ বন্ধ করলে আমেরিকা কঠোর প্রতিশোধ নেবে বলে সতর্ক করে দিয়েছেন। সোমবার এক সংবাদ সম্মেলনে ট্রাম্প বলেন, "আমরা আমাদের সামরিক লক্ষ্য পূরণের পথে বড় অগ্রগতি অর্জন করছি।" তিনি আরও বলেন, "কিছু লোক বলতে পারেন যে এগুলো বেশ ভালোভাবেই সম্পন্ন হয়েছে।" ট্রাম্প বলেন, সামরিক অভিযান শুরুর পর থেকে গত ১০ দিনে মার্কিন বাহিনী ৫,০০০ টিরও বেশি লক্ষ্যবস্তুতে আঘাত করেছে এবং ৫০ টিরও বেশি ইরানি নৌবাহিনীর জাহাজ ডুবিয়ে দিয়েছে। তিনি আরও দাবি করেন যে এই হামলার ফলে ইরানের ৯০ শতাংশ ক্ষেপণাস্ত্র উৎক্ষেপক ধ্বংস হয়ে গেছে এবং ইরানের ড্রোন হামলা ৮০ শতাংশেরও বেশি হ্রাস পেয়েছে। ট্রাম্প হরমুজ প্রণালী "নিরাপদ থাকবে" বলে উল্লেখ করে কিছু দেশের উপর থেকে অপরিশোধিত তেল-সম্পর্কিত নিষেধাজ্ঞা সাময়িকভাবে তুলে নেওয়া হবে বলে আভাস দিয়েছেন।(এনএইচকে ওয়েবপেইজ: ১০.০৩.২৬ রনি)

# ডয়চে ভেলে

## জামিনের জন্য কোটি টাকা চাওয়ার ঘটনায় তদন্ত হবে : চিফ প্রসিকিউটর

সদ্য সাবেক এক প্রসিকিউটরের বিরুদ্ধে জামিন করিয়ে দেওয়ার জন্য এক কোটি টাকা চাওয়ার অভিযোগ ওঠার পর রুদ্ধদ্বার বৈঠক করেছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর কার্যালয়। বৈঠকের পর চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম বলেন, এই অভিযোগের অভ্যন্তরীণ তদন্ত করবেন তারা। আজ মঙ্গলবার দুপুরে ট্রাইব্যুনাল প্রাঙ্গণে এক ব্রিফিংয়ে চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম সাংবাদিকদের এ কথা বলেন। জুলাই গণ-অভ্যুত্থানের সময় চট্টগ্রাম শহরে সংঘটিত মানবতাবিরোধী অপরাধের একটি মামলার আসামি চট্টগ্রাম-৬ আসনে আওয়ামী লীগের সাবেক সংসদ সদস্য এ বি এম ফজলে করিম চৌধুরী। মামলায় তাকে জামিনে মুক্তি পাইয়ে দেওয়ার জন্য তার পরিবারের কাছে এক কোটি টাকা চেয়েছিলেন সদ্য পদত্যাগ করা প্রসিকিউটর মো. সাইমুম রেজা তালুকদার। হোয়াটসঅ্যাপ কথোপকথনের একাধিক অডিও রেকর্ডিংয়ে এমন তথ্য পাওয়া গেছে। রেকর্ডিংগুলো সংগ্রহ করেছে প্রথম আলো ও নেত্র নিউজ। তবে সাইমুম রেজা তালুকদারের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি তার বিরুদ্ধে আনা অভিযোগ অস্বীকার করে বলেন, "এটি সত্য নয়।" এ অভিযোগ সম্পর্কে কিছু জানেন না বলেও দাবি করেন তিনি। তিনি বলেন, "এমনকি আমি যদি (জামিন

পাইয়ে দিতে) চাইতামও, তবে কোনো একক প্রসিকিউটরের পক্ষে তা সম্ভব নয়। সবকিছু প্রধান প্রসিকিউটরের মাধ্যমে সম্পন্ন হয়, এটি একটি দলগত কাজ।" সাইমুম রেজা আরো বলেন, তার পদত্যাগের সঙ্গে দুর্নীতির অভিযোগের কোনো সম্পর্ক নেই। তিনি বলেন, "আমি কয়েকদিন ধরে পদত্যাগ করার কথা ভাবছিলাম। কারণ, আমি আমার আগের পেশা, অর্থাৎ শিক্ষকতায় ফিরে যাওয়ার কথা চিন্তা করছিলাম।"

আজ ঘটনাটি নিয়ে একটি যৌথ অনুসন্ধানী প্রতিবেদন প্রকাশ করেছে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলো। সাইমুম রেজা তালুকদারের বিরুদ্ধে অভিযোগের বিষয়টি জানার পর তাকে মামলাটি থেকে সরিয়ে দেন ট্রাইব্যুনালের তৎকালীন চিফ প্রসিকিউটর তাজুল ইসলাম। তবে সাইমুমের বিরুদ্ধে আর কোনো ব্যবস্থা নেননি তাজুল ইসলাম। ট্রাইব্যুনালের অন্যান্য দায়িত্ব থেকেও সাইমুমকে সরানো হয়নি। সাইমুমের পদত্যাগপত্র গ্রহণ করে তাকে প্রসিকিউটর পদের দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়ার কথা গতকাল সোমবার এক প্রজ্ঞাপনে জানায় আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ। ২০২৪ সালের ৭ অক্টোবর ট্রাইব্যুনালে প্রসিকিউটর হিসেবে নিয়োগ পেয়েছিলেন সাইমুম। সাইমুমের বিষয়ে চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম সাংবাদিকদের বলেন, তিনি খবরটি তার বাসায় বসে দেখেন। তাৎক্ষণিকভাবে তিনি প্রসিকিউটরদের বলেন যে, তারা যেন সকাল ৯টার মধ্যে উপস্থিত থাকেন। এ বিষয়টি কী, কেন হলো- এই ব্যাপারগুলো তিনি বিস্তারিত জানার চেষ্টা করেছেন। যে প্রসিকিউটরের কথা বলা হচ্ছে, তিনি সম্ভবত আজ থেকে দুই বা তিনদিন আগে তার কাছে একটা পদত্যাগপত্র দিয়েছিলেন। সাইমুমের বিষয়ে যে সংবাদ বেরিয়েছে, তাতে ব্যথিত বলে উল্লেখ করেন চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম। চিফ প্রসিকিউটর বলেন, "আজকে যে নিউজটা...যদি কোনো ফরমালি এলিগেশন (আনুষ্ঠানিক অভিযোগ) আমার কাছে আসে, আমার যতটুকু ক্ষমতা আছে, আইনানুগভাবে আমার যতটুকু ক্ষমতা আছে, আমি সে অনুযায়ী ব্যবস্থা নেবো। যদি ফরমাল এলিগেশন আমার কাছে না-ও আসে, আমি ব্যক্তিগতভাবে, মানে আমার প্রসিকিউশনের চিফ প্রসিকিউটরের কার্যালয় থেকে একটা অভ্যন্তরীণ তদন্ত আমরা করবো।" শুধু এই বিষয় নয়, এই ট্রাইব্যুনাল পুনর্গঠন (২০২৪ সালের ৫ আগস্টের পর) হওয়ার পর সব বিষয়ে অভ্যন্তরীণ একটি কমিটি করে তদন্ত করে দেখবেন বলে জানান আমিনুল ইসলাম। তিনি বলেন, কোনো অনিয়ম পেলে সে বিষয়ে তিনি তার কর্তৃপক্ষের কাছে প্রতিবেদন দেবেন। তিনি পেশায় একজন শিক্ষক ছিলেন। তিনি একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের জ্যেষ্ঠ প্রভাষক হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি ঢাকার নাগরিক সমাজে পরিচিত মুখ। ইন্টারনেট গভর্ন্যান্স ও সিকিউরিটি বিশেষজ্ঞ হলেও, ট্রাইব্যুনালে নিয়োগ পাওয়ার আগে তার মামলা পরিচালনার অভিজ্ঞতা খুব কম ছিল। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১০.০৩.২০২৬ রুবাইয়া)

## চট্টগ্রামে বাস-মোটরসাইকেল ধাক্কা, মৃত তিন

চট্টগ্রামের ফটিকছড়ি উপজেলায় যাত্রীবাহী বাসের ধাক্কায় মোটরসাইকেলের তিন আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন বাসের আরও নয় যাত্রী। সোমবার বিকেল সাড়ে ৫টার দিকে উপজেলার ফেলাগাজী দীঘি এলাকার খাগড়াছড়ি-ফটিকছড়ি মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে। ফটিকছড়ি মডেল থানার ভারপ্রাপ্ত অফিসার(ওসি) ওসি মোহাম্মদ সেলিম বলেছেন, খাগড়াছড়ি থেকে চট্টগ্রামগামী একটি বাস বিপরীত দিক থেকে আসা একটি মোটরসাইকেলকে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই মোটরসাইকেলের এক আরোহী নিহত হন। আহত দুই আরোহীকে হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক তাদের মৃত ঘোষণা করেন। সংঘর্ষের পর বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশে পড়ে যায়। এতে নয়জন যাত্রী আহত হন। তাদের উদ্ধার করে হাসপাতালে নেওয়া হয়েছে। ফটিকছড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিক্যাল অফিসার ডা. মনোজ চৌধুরী ডেইলি স্টারকে বলেন, দুর্ঘটনায় আহত বাসের চার যাত্রী স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন। বাকি পাঁচজনকে প্রাথমিক চিকিৎসা দিয়ে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১০.০৩.২০২৬ রুবাইয়া)

## ইরানকে '২০-গুণ বেশি' মারার হুমকি ট্রাম্পের

হরমুজ প্রণালি বন্ধ রেখে বিশ্বে তেল সরবরাহে বাধা দিলে তেহরানকে '২০-গুণ বেশি' মারের হুমকি দিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তার সামাজিক মাধ্যম ট্রুথ সোশ্যালে তিনি লেখেন, তেল সরাবরাহ বিঘ্নিত হলে তিনি ইরানকে এমন ধ্বংস করবেন, যাতে দেশটা আর নতুন করে তৈরি না করা যায়। তিনি লেখেন, "তাদের (ইরানের) উপর মৃত্যু, আগুন এবং ক্রোধ বর্ষিত হবে।" অন্যদিকে, ইরানের ইসলামিক রেভলিউশানারি গার্ডস (আইআরজিসি) জানিয়েছে, ইসরায়েল এবং আমেরিকার আক্রমণ চললে তারা গালফ অঞ্চল থেকে এক লিটার তেল বাইরে বেরোতে দেবে না। দেশের সরকারি মিডিয়াতে এই কথা প্রকাশিত হয়েছে। মার্কিন প্রেসিডেন্টের আগের বক্তব্যকে তারা 'ননসেন্স' বলেছে। তারা আরো জানিয়েছে, এই যুদ্ধ কবে শেষ হবে, তার সিদ্ধান্ত তারাই নেবে। ইরান তাদের সর্বোচ্চ নেতা হিসেবে মোজতবা খামেনেইকে বেছে নেওয়ার পর দেশে কট্টরপন্থিরা তার সমর্থনে বিশাল মিছিল করে। তার বাবা আয়াতোল্লাহ আলী খামেনেই-এর মৃত্যুর নয়দিন পরে তারা মিছিল বের করল। অন্যদিকে, সিরিয়া জানিয়েছে, হিজবুল্লাহ তাদের আক্রমণ করেছে। তাদের সরকারি মিডিয়া সানাতে এই কথা জানানো হয়েছে। সিরিয়ার সেনাবাহিনী জানিয়েছে, তাদের লক্ষ্য করে আক্রমণ করছে এই গোষ্ঠী। দুই দেশের সীমান্তেও নজরদারি বাড়িয়েছে হিজবুল্লাহ।" সিরিয়ার সেনা যে তাদের দেশের উপর আক্রমণ সহ্য করবে না, তাও জানিয়েছে

তারা। অন্যদিকে, ইসরায়েলেও রকেট হামলা করেছে হিজবুল্লাহ। এখনো কোনো ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি। এছাড়াও, ইরাকের কুর্দিস্তানে আক্রান্ত হয়েছে সংযুক্ত আরব আমিরাতের দূতাবাস। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১০.০৩.২০২৬ রুবাইয়া)

**ইরান যুদ্ধের প্রভাবে তেলের বাজারে অস্থিরতা**

ইরান যুদ্ধের কারণে হরমুজ প্রণালি বন্ধ থাকায় বিশ্বব্যাপী তেল এবং তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের এক-পঞ্চমাংশ ইরানের উপকূল দিয়ে পাঠাতে হচ্ছে। রয়টার্সের এক প্রতিবেদনে বলা হয়, ট্যাঙ্কারগুলো এক সপ্তাহেরও বেশি সময় ধরে চলাচল করতে না পারায় উৎপাদকদের মজুত ফুরিয়ে গেছে। পাম্পিং বন্ধ করতে বাধ্য হচ্ছে তারা। এর ফলে, সোমবার সৌদি আরব দুটি তেলক্ষেত্রে উৎপাদন বন্ধ করে দেয়। দ্রুতই এর প্রভাব পড়ে তেলের বাজারে। সোমবার একসময় (১৩৪৪ GMT-র দিকে) ব্রেন্ট অপরিশোধিত তেলের দাম ব্যারেল প্রতি প্রায় ৮.৪% বেড়ে ১০০.৫৪ ডলারে দাঁড়ায়। অবশ্য এই তেলের দাম সোমবারই এক পর্যায়ে ১১৯.৫০ ডলারে পৌঁছেছিল। পরে দাম আবার কিছুটা কমে আসে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১০.০৩.২০২৬ রুবাইয়া)

**আলোচনা নয়, প্রয়োজনে মিসাইল হামলা : ইরান**

যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনায় বসতে রাজি নয় ইরান, প্রয়োজনে তারা মিসাইল হামলা চালিয়ে যাবে বলে ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি জানিয়েছেন। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দাবি করেছিলেন, ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যুদ্ধ খুব তাড়াতাড়ি শেষ হবে, যদিও কবে শেষ হবে, সেই সময়সীমা তিনি দেননি। এরপরই আমেরিকার ব্রডকাস্টার পিবিএস নিউসকে আরাঘচি জানিয়েছেন, গত ২৮ ফেব্রুয়ারি আমেরিকা ও ইসরায়েল ইরানের উপর হামলা করে। ইরান তার প্রতিক্রিয়ায় ইসরায়েল এবং ওই অঞ্চলের অন্য দেশগুলিতে ক্ষেপণাস্ত্র হামলা করেছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১০.০৩.২০২৬ রুবাইয়া)

## জাগো নিউজ

**পাঁচ বছরে ৪ কোটি পরিবারকে ফ্যামিলি কার্ডের আওতায় আনার লক্ষ্য : প্রধানমন্ত্রী**

আগামী পাঁচ বছরের মধ্যে দেশের প্রায় চার কোটি পরিবারের কাছে ফ্যামিলি কার্ড পৌঁছে দেওয়া হবে বলে দৃঢ় আশাবাদ ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, রাজধানীর কড়াইল, ভাসানটেক ও সাততলা এলাকায় প্রাথমিকভাবে ১৫ হাজার নারীকে ফ্যামিলি কার্ডের সুবিধার আওতায় আনা হয়েছে। মঙ্গলবার রাজধানীর বনানীর কড়াইল বস্তি সংলগ্ন টিঅ্যান্ডটি খেলার মাঠে ফ্যামিলি কার্ড কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সমাজকল্যাণ মন্ত্রণালয় এই অনুষ্ঠানের আয়োজন করে। বেলা পৌনে ১১টার দিকে ১৪ থেকে ১৫ হাজার মানুষের উপস্থিতিতে কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রধানমন্ত্রী। এ সময় প্রধানমন্ত্রী ১৭টি পরিবারের হাতে প্রতীকী ফ্যামিলি কার্ড তুলে দেন। পরে মঞ্চে স্থাপিত ল্যাপটপের মাধ্যমে সবুজ বাটন চেপে উপকারভোগীদের মোবাইল ফোনে প্রথম মাসের ভাতার টাকা পাঠিয়ে দেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, আমরা একটি দায়িত্বশীল সরকারের ভূমিকা পালন করতে চাই, যে সরকার জনগণ ও দেশের জন্য কাজ করবে। আমরা জনগণের কাছে জবাবদিহি করতে চাই। নির্বাচনের আগে আমরা জনগণের কাছে প্রতিশ্রুতি দিয়েছিলাম, সরকার গঠন করতে পারলে ফ্যামিলি কার্ড চালু করব। জনগণের সমর্থনে সরকার গঠনের এক মাসেরও কম সময়ের মধ্যে আমরা সেই প্রতিশ্রুতির কাজ শুরু করেছি।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ আসাদ)

**১৬ মার্চ খাল খনন কর্মসূচির** উদ্বোধন **করবেন প্রধানমন্ত্রী**

দেশজুড়ে নদী-নালা, খাল ও জলাশয় খনন এবং পুনঃখনন কর্মসূচির উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। আগামী ১৬ মার্চ দিনাজপুরের কাহারোল উপজেলায় এ কর্মসূচির উদ্বোধন করা হবে। মঙ্গলবার সচিবালয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের এ তথ্য জানান স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম। এ কর্মসূচির মাধ্যমে সারা দেশে ২০ হাজার কিলোমিটার খাল ও জলাশয় খনন করা হবে। এটি বিএনপির নির্বাচনি প্রতিশ্রুতি ছিল। স্থানীয় সরকার প্রতিমন্ত্রী বলেন, "আগামী ১৬ মার্চ দিনাজপুরের কাহারোল উপজেলায় প্রধানমন্ত্রী আনুষ্ঠানিকভাবে জাতীয় খাল খনন কর্মসূচি উদ্বোধন করবেন। একই দিনে আরও ৫৪টি জেলায় সংশ্লিষ্ট জেলার মন্ত্রী এবং সংসদ সদস্যরা স্থানীয় প্রশাসনকে সাথে নিয়ে এ কর্মসূচি উদ্বোধন করবেন।" প্রতিমন্ত্রী বলেন, "এ কর্মসূচি হবে চার বছর মেয়াদি। প্রধানমন্ত্রীর নির্বাচনি অঙ্গীকার ঘোষণা অনুযায়ী, ২০ হাজার কিলোমিটার খাল আমরা খনন করব ইনশাল্লাহ।" (জাগো নিউজ ওয়েব পেজ :১০.০৩.২০২৬ আসাদ)

**জুলাই সনদ পুংলিঙ্গ নাকি স্ত্রীলিঙ্গ, প্রশ্ন স্বরাষ্ট্রমন্ত্রীর**

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, জুলাই সনদ কি পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ, নাকি ক্লীবলিঙ্গ- আমি জানি না। কারণ, আদেশের জামানা তো ১৯৭৩ সালেই শেষ, এখন রাষ্ট্রপতি কীভাবে অর্ডার জারি করলেন? আমরা তখনই প্রশ্ন তুলেছিলাম, আমরা এই সব আরোপিত জবরদস্তিমূলক কোনো আদেশের বলে সার্বভৌম জাতীয় সংসদের ক্ষমতা খর্ব হতে দেবো না। মঙ্গলবার (১০ মার্চ) সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির শহিদ শফিউর রহমান মিলনায়তনে এক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। 'গণতন্ত্র, আইনের শাসন, মানবাধিকার প্রতিষ্ঠায় বর্তমান সরকারের প্রতি

আইনজীবীদের প্রত্যাশা’ শীর্ষক এই আলোচনা সভা, দোয়া ও ইফতার মাহফিলের আয়োজন করে জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, জুলাই জাতীয় সনদের প্রতি আমরা শতভাগ অঙ্গীকারবদ্ধ। এটা রাজনৈতিক সমঝোতার দলিল, আমরা সই করেছি। আমরা তো জুলাই জাতীয় সনদকে অস্বীকার করি না। জুলাই জাতীয় সনদের প্রত্যেকটা শব্দকে, অক্ষরকে আমরা ধারণ করি এবং আমরা সেটা প্রতিশ্রুতি দিয়েছি, জাতির কাছে অঙ্গীকারবদ্ধ হয়েছি। বরং যারা সমালোচনা করছেন, তারা সই করেছেন এই গত কয়েকদিন আগে, নির্বাচনের পরে। তিনি বলেন, আমরা সংবিধান মেনেই এ পর্যন্ত এসেছি, সংবিধান মেনে চলছি এবং সামনেও সংবিধান মেনে চলার আকাঙ্ক্ষা রাখি। কিন্তু আমাদের বক্তব্য হলো, যদি গণভোটের রায়কে আমরা সম্মান দিতে চাই, জাতীয় সংসদে আগে যেতে হবে। সেখানে আলাপ-আলোচনা করতে হবে, আইন করতে হবে, সংবিধানে সেটা অন্তর্ভুক্ত করতে হবে। তারপরে যদি সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নিতে হয়, সেটা সেখানেই নির্ধারণ করা হবে, সিদ্ধান্ত হবে এবং কোন ফর্মে শপথ হবে, সেটা তৃতীয় তফশিলে আনতে হবে। কে শপথবাক্য পাঠ করাবে, সেটা নির্ধারিত হবে, তারপরে এটা বিধিসম্মত হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ রিহাব)

## রিজার্ভ চুরির তদন্তে ফিলিপাইন সরকারের সহযোগিতা চেয়েছে বাংলাদেশ

কেন্দ্রীয় ব্যাংকের রিজার্ভ চুরির বিষয়ে অধিকতর তদন্তে ফিলিপাইন সরকারের সহযোগিতা চেয়েছে বাংলাদেশ। মঙ্গলবার (১০ মার্চ) ঢাকায় নিযুক্ত ফিলিপাইনের রাষ্ট্রদূত নিনা পাডিলা কায়িংলেট পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলামের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গিলে প্রতিমন্ত্রী এ আহ্বান জানান। পররাষ্ট্র মন্ত্রণালয়ের পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। ফিলিপাইনে সম্প্রতি বাংলাদেশের নাগরিকদের গ্রেফতারের বিষয়টি নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেন প্রতিমন্ত্রী। তাদের মামলা সম্পূর্ণভাবে যথাযথ আইনি প্রক্রিয়ার মাধ্যমে সমাধান করার অনুরোধ জানান তিনি। বাংলাদেশের ফিলিপাইন সম্পর্কিত আইনগত ও বিচারিক বিষয়গুলো যথাযথভাবে এগিয়ে নেওয়ার জন্য দুই দেশের সহযোগিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলেও তিনি উল্লেখ প্রতিমন্ত্রী। রাষ্ট্রদূত নিনা পাডিলা কায়িংলেট প্রতিমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাতের সময় প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে নবনির্বাচিত সরকারকে ফিলিপাইন সরকারের পক্ষ থেকে উষ্ণ শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি আশা প্রকাশ করেন, নতুন নেতৃত্বের অধীনে দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদার হবে। বৈঠকে উভয়পক্ষ বাংলাদেশের ফিলিপাইনসহ শান্তি প্রক্রিয়ায় দীর্ঘমেয়াদি সহযোগিতা, জাতিসংঘ শান্তিরক্ষা অভিযান ও দুই দেশের জনগণের সংযোগকে আরও শক্তিশালী করার ওপর গুরুত্ব দেন। রাষ্ট্রদূত জানান, বাংলাদেশে উল্লেখযোগ্য ফিলিপাইনের সম্প্রদায় রয়েছে। তারা স্মরণ করান, সমুদ্র চালক খাতের সহযোগিতার জন্য পূর্বে একটি সমঝোতা স্মারক সই হয়েছে। শিপ্পির নার্সিং খাতেও একটি সমঝোতা স্মারক সই হওয়ার পরিকল্পনা রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ রিহাব)

## ফ্যামিলি কার্ড সবাই পাবেন, শুধু সময়ের ব্যাপার : মির্জা ফখরুল

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী এবং বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, ফ্যামিলি কার্ড সবাই পাবেন, প্রত্যেক ঘরে ঘরে যাবে। প্রাথমিক পর্যায়ে আমরা কাজ শুরু করেছি। শুধু সময়ের ব্যাপার। মঙ্গলবার দুপুরে, রহিমানপুর সম্মিলিত ঈদগাঁ আলীম মাদরাসা প্রাঙ্গণে অনুষ্ঠিত ঠাকুরগাঁও সদর উপজেলার রহিমানপুর ইউনিয়নে ‘ফ্যামিলি কার্ড’ বিতরণ কার্যক্রম উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে তিনি এসব কথা বলেন। মির্জা ফখরুল বলেন, নির্বাচনের আগে বলেছিলাম, এটা আমার শেষ নির্বাচন। আপনারা আমাকে নির্বাচিত করেছেন। আমি আপনাদের ঋণ কখনও শোধ করতে পারব না। তাই আপনাদের কিছু কাজ ও উন্নয়ন করে ঋণ পরিশোধ করতে চাই। তিনি বলেন, ফ্যামিলি কার্ড একটা শক্তি বা ক্ষমতা। যেটা নিয়ে আপনি সব জায়গায় দাঁড়াতে পারবেন। এই কার্ডের মাধ্যমে একটা ক্ষমতা তৈরি হবে আপনাদের। পুরুষরা আপনাদের গুরুত্ব দেওয়া শুরু করবে। সবার পক্ষ থেকে প্রধানমন্ত্রীকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাতে চাই। তিনি আমাদের এই এলাকা বেছে নিয়েছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ আসাদ)

## সদিচ্ছা থাকলে এক মাসেই প্রকল্প বাস্তবায়ন সম্ভব : অর্থমন্ত্রী

চট্টগ্রাম নগরের ৪১ নম্বর ওয়ার্ডে ৫ হাজার ৫৭৫টি পরিবারের মধ্যে ‘ফ্যামিলি কার্ড’ বিতরণের মাধ্যমে নতুন সামাজিক সুরক্ষা কর্মসূচি শুরু হয়েছে। এই কার্ডের মাধ্যমে উপকারভোগী পরিবারের ব্যাংক হিসাবে প্রতি কিস্তিতে সরাসরি ২ হাজার ৫০০ টাকা করে সহায়তা দেওয়া হবে। মঙ্গলবার সকালে পতেঙ্গা বিমানবন্দর উচ্চবিদ্যালয় মাঠে আয়োজিত অনুষ্ঠানে এ কর্মসূচির উদ্বোধন করেন অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী বলেন, সঠিক নেতৃত্ব ও সদিচ্ছা থাকলে স্বল্প সময়ের মধ্যেও বড়ো প্রকল্প বাস্তবায়ন করা সম্ভব। দায়িত্ব নেওয়ার এক মাসের মধ্যেই ফ্যামিলি কার্ড কর্মসূচি বাস্তবায়ন করে সরকার সেটির প্রমাণ দিয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ আসাদ)

## ফ্যামিলি কার্ড নারীর ক্ষমতায়নে সহায়ক হবে : সিপিডি

সরকারের চালুকৃত ‘ফ্যামিলি কার্ড’ কর্মসূচি মানুষকে আর্থিক সহায়তা দেবে এবং নারীর ক্ষমতায়নে সহায়ক হবে বলে মন্তব্য করেছেন, সিপিডির নির্বাহী পরিচালক ড. ফাহমিদা খাতুন। সামাজিক সুরুক্ষায় সরকারের আরও পরিকল্পনা

রয়েছে জানিয়ে তিনি প্রকৃত উপকারভোগী খুঁজে বের করার তাগিদ দিয়েছেন। তা না হলে অর্থের অপচয় হবে বলে জানিয়ে তিনি বলেন, ঝুঁকিপূর্ণ চিহ্নিত করার ব্যবস্থা নেওয়া উচিত সরকারের। মঙ্গলবার ধানমন্ডিতে সিপিডি কার্যালয়ে ২০২৬-২৭ সালের আসন্ন বাজেট নিয়ে সুপারিশ পেশ করে সংস্থাটি। সেখানে তিনি এসব কথা বলেন। ফাহমিদা খাতুন বলেন, বাজেট এমন একটা সময় প্রণীত হচ্ছে, যখন বাংলাদেশের অর্থনীতি চ্যালেঞ্জের মুখোমুখি। এই পরিস্থিতি সুনির্দিষ্ট ও কৌশলগত পদক্ষেপ গ্রহণ করা অত্যন্ত প্রয়োজন। নীতি-নির্ধারকদের জন্য প্রধান অগ্রাধিকার হওয়া উচিত সামষ্টিক স্থিতিশীলতা প্রতিষ্ঠা করা। এজন্য মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, রাজস্ব শৃঙ্খলা বজায় রাখা, বিনিয়োগ বৃদ্ধি ও কর্মসংস্থান বাড়ানোর লক্ষ্যে লক্ষ্যভিত্তিক সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করতে হবে। বাজেট প্রণয়নের সময় দরিদ্র, প্রান্তিক ও ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর সুরক্ষা নিশ্চিত করা ও অর্থনৈতিক পুনরুদ্ধারকে ত্বরান্বিত করার বিষয়ে বিশেষ গুরুত্ব দিতে হবে বলেও জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ আসাদ)

## জ্বালানি তেল নিয়ে উদ্বেগ সময়ের সঙ্গে সঙ্গে কমে যাবে : প্রতিমন্ত্রী

উদ্বেগ ও উৎকণ্ঠা থেকে দেশে জ্বালানি তেলের সংকট সৃষ্টি হয়েছে মন্তব্য করে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত বলেছেন, সময়ের সঙ্গে সঙ্গে উদ্বেগ স্বাভাবিক প্রক্রিয়ায় কমে যাবে। মঙ্গলবার সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে প্রতিমন্ত্রী এ কথা জানান। তিনি বলেন, "আমরা সকলে জানি যে, মধ্যপ্রাচ্যে একটি সংকট চলছে এবং সে সংকটটা যত দীর্ঘায়িত হবে, এটা বৈশ্বিক সংকটে পরিণত হবে। এই সংকট থেকে উত্তরণের পথ আসলে এককভাবে কোনো দেশের পক্ষে খুঁজে বের করা কঠিন, সম্মিলিতভাবেই এই সংকট উত্তরণের পথ খুঁজতে হবে।" প্রতিমন্ত্রী বলেন, বর্তমান সরকার একটি নির্বাচিত সরকার, জনগণের প্রতি আমাদের দায়বদ্ধতা রয়েছে। এই দায়বদ্ধতার জায়গা থেকে দায়িত্ব গ্রহণের প্রথম দিন থেকে আমরা কাজ করার চেষ্টা করছি, যাতে করে জনদুর্ভোগ কমানো যায়, না হলে অন্তত সহনীয় মাত্রায় রাখা যায়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ আসাদ)

## শপিং করতে গিয়ে মিরপুরে আগুনে বিমানবাহিনীর দুইজনের মৃত্যু

রাজধানীর মিরপুর-২ নম্বরে অবস্থিত ১১তলা বাণিজ্যিক ভবন এলএ প্লাজায় সোমবার দুপুরে ভয়াবহ অগ্নিকাণ্ড ঘটে। এ ঘটনায় দুইজন মারা গেছেন। তারা দুইজনই বাংলাদেশ বিমানবাহিনীর সদস্য। তারা হলেন- আয়েশা সিদ্দিকা অনন্যা এবং শেখ রাকিবুজ্জামান। মঙ্গলবার মিরপুর থানা থেকে প্রয়োজনীয় আইনি প্রক্রিয়া শেষে মরদেহ হস্তান্তর করা হয় বলে জানা গেছে। বিমানবাহিনী আনুষ্ঠানিকতা শেষে মরদেহ পরিবারের হাতে তুলে দেওয়া হবে। আয়েশা সিদ্দিকা অনন্যার বাড়ি নীলফামারীর সৈয়দপুরে। শেখ রাকিবুজ্জামানের বাড়ি মুন্সিগঞ্জের সিরাজদিখান এলাকায়। স্থানীয়রা জানান, আগুনের সূত্রপাত এবং তা দ্রুত ছড়িয়ে পড়ার কারণ নিয়ে তদন্ত চলছে। ভবনটি বাণিজ্যিক হওয়ায় এবং তৃতীয় তলায় আগুন লাগায় উদ্ধারকাজ কিছুটা জটিল হয়েছিল। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ আসাদ)

## অর্থনৈতিক স্থিতিশীলতায় পরিকল্পনা প্রণয়নে ৭ মন্ত্রীকে নিয়ে কমিটি গঠন

বৈশ্বিক যুদ্ধ পরিস্থিতিতে অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষায় সংকট ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের জন্য একটি মন্ত্রিসভা কমিটি গঠন করেছে সরকার। সোমবার মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জারি করা এক প্রজ্ঞাপনে এ কমিটি গঠনের কথা জানানো হয়। মন্ত্রিসভা কমিটিতে সদস্য হিসেবে রয়েছেন- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী; বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী, বাণিজ্যমন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী এবং খাদ্যমন্ত্রী। এ কমিটি বিশ্বের বিভিন্ন দেশে যুদ্ধ পরিস্থিতি বিশ্লেষণ করে বাংলাদেশের ওপর সম্ভাব্য প্রভাব নিরূপণ করবে। পাশাপাশি, দেশের অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখতে প্রয়োজনীয় সংকট ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করবে কমিটি।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ আসাদ)

## বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে ম্যানেজিং কমিটির সভাপতি হতে লাগবে না শিক্ষাগত যোগ্যতা!

দেশের বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডির সভাপতি হতে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা স্নাতক পাশের নিয়ম বাতিল করছে সরকার। প্রবিধানমালা সংশোধন করে কমিটির সভাপতির শিক্ষাগত যোগ্যতা শিথিল করা হচ্ছে। এতে সভাপতির শিক্ষাগত যোগ্যতা আগের নিয়মে ফেরানো হচ্ছে। অর্থাৎ, ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডির সভাপতি হতে কোনো শিক্ষাগত যোগ্যতার প্রযোজ্য হবে না। মঙ্গলবার দুপুরে 'বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা-২০২৪' রিভিউ সংক্রান্ত আলোচনা সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। শিগ্গির এ সংক্রান্ত আদেশ জারি করা হবে। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. আ ন ম এহছানুল হক মিলন। সভাপতিত্ব করেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব আবদুল খালেক। সভায় অংশ নেওয়া কর্মকর্তারা জাগো নিউজকে এ তথ্য নিশ্চিত করেছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ আসাদ)

## ঢাবিতে চোর সন্দেহে পিটিয়ে হত্যা, ২২ জনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক মুসলিম হলে চোর সন্দেহে গণপিটুনিতে মানসিক ভারসাম্যহীন যুবক তোফাজ্জল হত্যার ঘটনায় ২৮ জনের বিরুদ্ধে পুলিশের দেওয়া সম্পূরক চার্জশিট আদালত আমলে নিয়েছেন। আদালত একইসঙ্গে

মামলার পলাতক ২২ আসামির বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারির নির্দেশও দিয়েছেন। মঙ্গলবার দুপুরে শুনানি শেষে ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের ম্যাজিস্ট্রেট মো. জুয়েল রানা এ আদেশ দেন। মামলার নথি সূত্রে জানা গেছে, ফজলুল হক মুসলিম হলে চোর সন্দেহে এক যুবককে আটকে রেখে মারধরের ঘটনা ঘটে। পরে গুরুতর আহত অবস্থায় তাকে উদ্ধার করা হলে তার মৃত্যু হয়। এ ঘটনায় দায়ীদের বিরুদ্ধে তদন্ত শেষে পুলিশ আদালতে সম্পূরক চার্জশিট দাখিল করে। আদালত চার্জশিটটি গ্রহণ করে পলাতক আসামিদের দ্রুত গ্রেফতারের জন্য আইন-শৃঙ্খলা বাহিনীকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ আসাদ)

## অনলাইনে মানুষের কঙ্কাল বিক্রি, জড়িত ডেন্টালের দুই ছাত্র : ডিএমপি

রাজধানীতে অভিযান চালিয়ে মানুষের ৪৭টি মাথার খুলি ও বিপুল পরিমাণ হাড়-কঙ্কাল উদ্ধার করেছে ঢাকা মহানগর পুলিশের তেজগাঁও বিভাগ। একইসঙ্গে এ ঘটনায় জড়িত চারজনকে গ্রেফতার করেছে পুলিশ। পুলিশ বলছে, গ্রেফতার চারজনের মধ্যে দুইজন সাপ্পোরো ডেন্টাল কলেজ ও হাসপাতালের ছাত্র। গ্রেফতারের সময় ক্যাম্পাসের হোস্টেলের একটি নম্বর রুম থেকে ছড়ানো-ছিটানো অবস্থায় ও বিভিন্ন ব্যাগ-বস্তা থেকে ৪৪টি কঙ্কাল উদ্ধার করা হয়। মূলত, কঙ্কালগুলো তারা ক্রেতাদের কাছে অনলাইনের মাধ্যমে বিক্রি করতেন বলেও পুলিশ জানায়। মঙ্গলবার ডিএমপির মিডিয়া সেন্টারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ডিএমপির তেজগাঁও বিভাগের ডিসি মোহাম্মদ ইবনে মিজান এসব তথ্য জানান। গ্রেফতাররা হলেন- কাজী জহরুল ইসলাম ওরফে সৌমিক (২৫), মো. আবুল কালাম (৩৯), আসাদুল মুন্সী ওরফে জসিম ওরফে এরশাদ (৩২), মো. ফয়সাল আহম্মেদ (২৬)। তাদের হেফাজত থেকে বিভিন্ন প্লাস্টিকের বাজারের ব্যাগের মধ্যে রক্ষিত অবস্থায় ৪৭টি মাথার খুলিসহ মানবদেহের বিভিন্ন অঙ্গের হাড় উদ্ধার করা হয়। তাদের মধ্যে কাজী জহরুল ইসলাম ওরফে সৌমিক ও মো. ফয়সাল আহম্মেদ ওই ডেন্টাল কলেজের ছাত্র।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ আসাদ)

## ঈদুল ফিতরে সংবাদপত্রে ৫ দিন ছুটি

আসন্ন ঈদুল ফিতর উপলক্ষ্যে সংবাদপত্র পাঁচদিন বন্ধ থাকবে বলে ঘোষণা দিয়েছে নিউজ পেপার ওনার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ নোয়াব। মঙ্গলবার নোয়াব সভাপতি এ কে আজাদ স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে জানানো হয়, নোয়াবের নির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুসারে, গণমাধ্যমে ১৯-২৩ মার্চ ঈদুল ফিতরের ছুটি পালন করা হবে। সে হিসাবে ২০-২৪ মার্চ কোনো সংবাদপত্র প্রকাশিত হবে না।
(জাগো নিউজ ওয়েব পেজ :১০.০৩.২০২৬ আসাদ)

## জামিনের জন্য এক কোটি টাকা ঘুস চাওয়ার অভিযোগ তদন্ত হবে : চিফ প্রসিকিউটর

মানবতাবিরোধী অপরাধের মামলার এক আসামির জামিন করাতে এক কোটি টাকা ঘুস চাওয়ার অভিযোগ উঠেছে সদ্য পদত্যাগ করা প্রসিকিউটর সাইমুম রেজা তালুকদারের বিরুদ্ধে। এ অভিযোগের বিষয়ে অভ্যন্তরীণ তদন্ত হবে বলে জানিয়েছেন চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। মঙ্গলবার চিফ প্রসিকিউটরের কার্যালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন তিনি। বৈষম্যবিরোধী আন্দোলনের সময় চট্টগ্রামে সংঘটিত সহিংসতার ঘটনায় মানবতাবিরোধী অপরাধের মামলার আসামি আওয়ামী লীগের সাবেক সংসদ সদস্য এ বি এম ফজলে করিম চৌধুরী। তাকে জামিনে মুক্তি পাইয়ে দেওয়ার জন্য তার পরিবারের কাছে এক কোটি টাকা চেয়েছিলেন সদ্য পদত্যাগ করা প্রসিকিউটর মো. সাইমুম রেজা তালুকদার- এমন ফোনালাপ প্রকাশিত হয়েছে বিভিন্ন মাধ্যমে। এ বিষয়ে চিফ প্রসিকিউটর বলেন, এটা সিরিয়াস অভিযোগ, এই অভিযোগ আমাদের কোনো প্রসিকিউটরের বিরুদ্ধে ওঠার কথা ছিল না। অভিযোগ যখন উঠেছে, তাৎক্ষণিক এ বিষয়ে ব্যবস্থা নেওয়া উচিত ছিল। এর প্রশ্রয় কেন দিয়েছে জানি না। হতে পারে আনুষ্ঠানিক কোনো অভিযোগ সাবেক চিফ প্রসিকিউটর তাজুল ইসলামের কাছে আসেনি।
(জাগো নিউজ ওয়েব পেজ :১০.০৩.২০২৬ আসাদ)

## পাইপলাইনে ভারত থেকে ৫০০০ টন ডিজেল আসছে পার্বতীপুরে

ভারতের আসামের নুমালিগড় রিফাইনারি কেন্দ্র থেকে পাইপলাইনে সরাসরি দিনাজপুরের পার্বতীপুরের রেলহেড ডিপোতে ডিজেল আসতে শুরু করেছে। বুধবার পাঁচ হাজার মেট্রিক টন ডিজেল পৌঁছাবে পার্বতীপুরের ডিপোর সংরক্ষণাগারে। ডিপোর ব্যবস্থাপক আহসান হাবিব তেল সরবরাহের বিষয়টি নিশ্চিত করে জানান, সোমবার বিকেল থেকে পাইপলাইনে করে ভারতের নুমালিগড় রিফাইনারি থেকে ডিজেল সরবরাহ শুরু হয়েছে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, কৃষিনির্ভর উত্তরের আট জেলায় জ্বালানি সরবরাহ নিশ্চিতে পাইপলাইনের মাধ্যমে ডিজেল সরবরাহ নিতে ২০১৭ সালে ২২ অক্টোবর ১৫ বছর মেয়াদি ভারতের সঙ্গে চুক্তি সই হয়। (জাগো নিউজ ওয়েব পেজ :১০.০৩.২০২৬ আসাদ)

## পররাষ্ট্র মন্ত্রণালয়ে নিজের উপদেষ্টার পদায়ন চান বিরোধীদলীয় নেতা

জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. মো. শফিকুর রহমান তার পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা অধ্যাপক মোহাম্মদ মাহমুদুল হাসানকে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পদায়নের প্রস্তাব দিয়েছেন। মন্ত্রীর পদমর্যাদায় তাকে মন্ত্রণালয়ে অন্তর্ভুক্ত করার জন্য পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানের কাছে অনুরোধ জানিয়েছেন তিনি। পররাষ্ট্র মন্ত্রণালয়ের নীতি-নির্ধারণী পর্যায়ের একাধিক সূত্র বিষয়টি নিশ্চিত করেছে। জানা যায়, গত ২২ ফেব্রুয়ারি বিরোধীদলীয়

নেতার দপ্তর থেকে এ সংক্রান্ত একটি চিঠি পররাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠানো হয়। চিঠিতে বলা হয়, অধ্যাপক মাহমুদুল হাসান বিরোধীদলীয় নেতার পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হিসেবে কূটনৈতিক ক্ষেত্রে দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করছেন। তার অভিজ্ঞতা ও আন্তর্জাতিক যোগাযোগের মাধ্যমে বিভিন্ন দেশের সঙ্গে দ্বিপক্ষীয় সম্পর্ক আরও জোরদার করার সুযোগ তৈরি হতে পারে বলেও উল্লেখ করা হয়। বিরোধীদলীয় নেতার মতে, তার উপদেষ্টাকে পররাষ্ট্র মন্ত্রণালয়ে অন্তর্ভুক্ত করা হলে বিরোধী দলের পররাষ্ট্রনীতি সম্পর্কিত মতামত সরকারের কাছে উপস্থাপন ও পর্যালোচনার সুযোগ তৈরি হবে এবং আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে একটি ভারসাম্য বজায় রাখা সহজ হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ আসাদ)

## মাহমুদুলকে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পদায়নের চিঠির ব্যাখ্যা দিলো জামায়াত

নিজের পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা অধ্যাপক মোহাম্মদ মাহমুদুল হাসানকে মন্ত্রীর পদমর্যাদায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে দেখতে চান- এ সংক্রান্ত চিঠিতে মন্ত্রীর পদমর্যাদা সংক্রান্ত অংশটি জামায়াত আমিরের নির্দেশনায় ছিল না বলে জানিয়েছে দলটি। মঙ্গলবার (১০ মার্চ) জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ারের সই করা এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়েছে। বিবৃতিতে বলা হয়, গণমাধ্যমে প্রকাশিত ঘটনাটি মূলত প্রায় দুই সপ্তাহ আগের। সে সময়ে প্রফেসর ড. মাহমুদুল হাসান জামায়াত আমিরের পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করছিলেন। দেশের পররাষ্ট্র বিষয়ে জামায়াতে ইসলামীর কিছু অবস্থান স্পষ্ট করার স্বার্থে পররাষ্ট্রমন্ত্রীকে একটি চিঠি পাঠানোর বিষয়ে তিনি দায়িত্বপ্রাপ্ত ছিলেন। কিন্তু তিনি আমির কর্তৃক নির্দেশিত বিষয়াবলির বাইরে কিছু বিষয় যুক্ত করে চিঠিটি মন্ত্রণালয়ে পাঠান। বিশেষ করে, চিঠিতে উল্লিখিত মন্ত্রীর পদমর্যাদা-সংক্রান্ত অংশটি জামায়াত আমিরের নির্দেশনায় ছিল না। এতে আরও বলা হয়, বিষয়টি দলের দৃষ্টিগোচর হওয়ার সঙ্গে সঙ্গেই জামায়াত আমির ডা. শফিকুর রহমান প্রয়োজনীয় ব্যবস্থা নেন। প্রফেসর ড. মাহমুদুল হাসানকে আনুষ্ঠানিকভাবে গত ২ মার্চ ওই দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়। একইসঙ্গে ঢাকা-১৪ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার মীর আহমাদ বিন কাসেমকে (আরমান) বিরোধীদলীয় নেতার নতুন পররাষ্ট্র-বিষয়ক উপদেষ্টা হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ রিহাব)

## নেসকোর কার্যালয় রাজশাহীতেই রাখার দাবি রাবি ছাত্রদল সভাপতির

নর্দার্ন ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানির (নেসকো) প্রধান কার্যালয় রাজশাহী থেকে বগুড়ায় স্থানান্তরের উদ্যোগ নেওয়া হয়েছে। স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন প্রতিমন্ত্রী মীর শাহে আলম এ বিষয়ে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকুকে একটি চিঠি দিয়েছেন। প্রতিমন্ত্রীর চিঠি পেয়ে প্রস্তাবের সম্ভাব্যতা যাচাইয়ে একটি কমিটিও গঠন করেছে বিদ্যুৎ ও জ্বালানি মন্ত্রণালয়। কমিটিকে এক মাসের মধ্যে সুপারিশসহ প্রতিবেদন জমা দিতে নির্দেশ দেওয়া হয়েছে। কমিটি গঠনের বিষয়টি সোমবার (৯ মার্চ) জানাজানি হলে রাজশাহীতে তোলপাড় শুরু হয়। সামাজিক যোগাযোগমাধ্যমে সরব হয়েছেন অনেকে। খোদ নেসকোর কর্মকর্তা-কর্মচারীদের মাঝেও ব্যাপক ক্ষোভ তৈরি হয়েছে। এ নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের সভাপতি সুলতান আহমেদ রাহী। তিনি বলেন, "রাজশাহীর সন্তান হিসেবে আমরা স্পষ্টভাবে বলতে চাই, নেসকোর প্রধান কার্যালয় রাজশাহী থেকেই পরিচালিত হয়েছে এবং রাজশাহীতেই থাকা উচিত। উত্তরাঞ্চলের বিদ্যুৎ ব্যবস্থাপনার গুরুত্বপূর্ণ এ প্রতিষ্ঠানটি রাজশাহীতে থাকলে প্রশাসনিক সুবিধার পাশাপাশি এ অঞ্চলের মানুষের আত্মমর্যাদা ও উন্নয়নের সঙ্গেও তা যুক্ত থাকে।" (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ রিহাব)

## নিম্ন আয়ের মানুষদের জন্য কেনা হচ্ছে ৩ কোটি লিটার ভোজ্যতেল

তারেক রহমানের নেতৃত্বাধীন সরকারের অধীনে প্রথম সরকারি ক্রয়-সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠিত হতে যাচ্ছে আগামীকাল বুধবার (১১ মার্চ)। এ বৈঠকে ৩ কোটি ১০ লাখ ৩২ হাজার লিটার ভোজ্যতেল কেনার অনুমোদন দেওয়া হতে পারে। নিম্ন আয়ের মানুষের কাছে ভর্তুকি মূল্যে ভোজ্যতেল সরবরাহের জন্য তেল কেনার এ উদ্যোগ নেওয়া হচ্ছে বলে জানা গেছে। সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, বর্তমান সরকারের প্রথম সরকারি ক্রয়-সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে রাইস ব্রান তেল ও পাম তেল কেনার প্রস্তাব নিয়ে যাবে বাণিজ্য মন্ত্রণালয়। এর মধ্যে ১ কোটি ৮০ লাখ লিটার রাইস ব্রান তেল ও ১ কোটি ৩০ লাখ ৩২ হাজার লিটার পাম অয়েল রয়েছে। বাণিজ্য মন্ত্রণালয়ের সূত্রে জানা গেছে, মন্ত্রণালয়ের অধীন সংস্থা ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশ (টিসিবি) এ তেল কেনার উদ্যোগ নিয়েছে। মন্ত্রিসভা কমিটির বৈঠকে অনুমোদন দেওয়া হলে পরবর্তী কার্যক্রম সম্পন্ন করা হবে। টিসিবির মাধ্যমে ঢাকা সিটি করপোরেশনসহ সারাদেশে প্রায় ১ কোটি নিম্ন আয়ের পরিবারের মধ্যে ফ্যামিলি কার্ডের মাধ্যমে ভর্তুকি মূল্যে পণ্য বিক্রির লক্ষ্যে এই তেল কেনা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ রিহাব)

## মিরপুরে ফ্যামিলি কার্ড পাচ্ছে ৫০৯ পরিবার

ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি) এলাকার নিম্ন আয়ের পরিবারগুলোর মধ্যে সামাজিক সুরক্ষা নিশ্চিত করতে ফ্যামিলি কার্ড বিতরণ কার্যক্রম শুরু হয়েছে। 'ব্যক্তি নয়, পরিবারই উন্নয়নের মূল'- এই প্রতিপাদ্য সামনে রেখে মিরপুরের ওলি মিয়ার টেক ও বাগানবাড়ি বস্তির ৫০৯ উপকারভোগীর মধ্যে ফ্যামিলি কার্ড বিতরণ করা হবে। মঙ্গলবার (১০ মার্চ) মিরপুরে ৪ নম্বর ওয়ার্ড কমিউনিটি সেন্টারে ফ্যামিলি কার্ড বিতরণ অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিএনসিসি প্রশাসক মো. শফিকুল ইসলাম খান। তিনি প্রতীকীভাবে ১০ জন উপকারভোগীর হাতে ফ্যামিলি কার্ড তুলে দেন। প্রধান অতিথির বক্তব্যে ডিএনসিসি প্রশাসক মো. শফিকুল ইসলাম খান বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী, এ এলাকার প্রতিটি নিম্ন আয়ের পরিবারকে পর্যায়ক্রমে ফ্যামিলি কার্ডের আওতায় আনা হবে। তিনি তথ্য সংগ্রহ ও যাচাই-বাছাই কার্যক্রমে যুক্ত সবাইকে ধন্যবাদ জানান। ডিএনসিসি প্রশাসক বলেন, 'বিএনপি যা বলে, বিএনপি তা করে। আমি বলেছিলাম বিএনপি ক্ষমতায় গেলে আমি নিজে আপনাদের হাতে ফ্যামিলি কার্ড পৌঁছে দেবো। আজ আমি আমার সেই অঙ্গীকার পূরণ করেছি।'
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ রিহাব)

## আত্মসমর্পণকারী অনেক চরমপন্থি ফের অপরাধে জড়াচ্ছে : র‍্যাব

অভ্যুত্থান পরবর্তী দেশের উত্তর ও পশ্চিমাঞ্চলের বিভিন্ন চরমপন্থি সংগঠন আবারও সক্রিয় হওয়ার চেষ্টা করছে বলে জানিয়েছে পুলিশের এলিট ফোর্স র‍্যাব। সংস্থাটি বলছে, আত্মসমর্পণ করা অনেক চরমপন্থি সদস্য নতুন করে অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িয়ে পড়ছেন। মঙ্গলবার (১০ মার্চ) রাজধানীর কারওয়ান বাজারে র্যাব মিডিয়া সেন্টারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান র্যাবের লিগ্যাল অ্যান্ড মিডিয়া উইংয়ের পরিচালক উইং কমান্ডার এম জেড এম ইন্তেখাব চৌধুরী। তিনি বলেন, রাজধানীর আদাবর ও সিরাজগঞ্জ এলাকায় পৃথক অভিযান চালিয়ে ১২টি আগ্নেয়াস্ত্র, বিপুল পরিমাণ গোলাবারুদ ও অস্ত্র পরিবহণে ব্যবহৃত দুটি প্রাইভেটকার জব্দ করা হয়েছে। এ সময় দুইজনকে গ্রেফতার করা হয়। গ্রেফতাররা হলেন- পাবনার অস্ত্র ব্যবসায়ী ও সন্ত্রাসী আলমগীর হোসেন ওরফে শুটার আলমগীর (৪৫) এবং রকিব রানা (৫৫)। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ রিহাব)

## সভাপতির 'শিক্ষাগত যোগ্যতা' না রাখার সিদ্ধান্তে ক্ষোভ-অসন্তোষ

দেশের প্রায় ৪০ হাজার বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডির সভাপতির ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা স্নাতক পাশ থাকার নিয়মে পরিবর্তন আনছে সরকার। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, কমিটির সভাপতি হতে আর কোনো শিক্ষাগত যোগ্যতার বাধ্যবাধকতা থাকছে না। মঙ্গলবার (১০ মার্চ) শিক্ষা মন্ত্রণালয়ের এক সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ নিয়ে সংবাদ প্রকাশের পর ব্যাপক আলোচনা-সমালোচনার সৃষ্টি হয়েছে। বিভিন্ন স্তরের শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবক থেকে শুরু করে সব মহল 'বিতর্কিত' এ সিদ্ধান্তে তীব্র ক্ষোভ প্রকাশ করছেন। বিশেষ করে, সামাজিক যোগাযোগ মাধ্যমে বিষয়টি নিয়ে তীব্র সমালোচনা শুরু করেছেন নেটিজেনরা। পাশাপাশি, সচেতন মহলও এ সিদ্ধান্ত থেকে সরকার তথা শিক্ষা মন্ত্রণালয়কে সরে আসার আহ্বান জানাচ্ছে। জানা যায়, মঙ্গলবার দুপুরে 'বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা-২০২৪' রিভিউ সংক্রান্ত এক সভা শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। সভাপতিত্ব করেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব আব্দুল খালেক। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ রিহাব)

## ঢাকা ওয়াসার এমডি হলেন সাবেক আমলা আমিনুল ইসলাম

ঢাকা ওয়াসার নতুন ব্যবস্থাপনা পরিচালক (এমডি) হিসেবে নিয়োগ পেয়েছেন অবসরপ্রাপ্ত আমলা আমিনুল ইসলাম। তাকে এক বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ দিয়ে মঙ্গলবার (১০ মার্চ) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। এতে বলা হয়, 'সরকারি চাকরি আইন, ২০১৮' অনুযায়ী, মো. আমিনুল ইসলামকে অন্য কোনো পেশা, ব্যবসা বা সরকারি, আধা-সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে কর্ম-সম্পর্ক পরিত্যাগের শর্তে যোগদানের তারিখ থেকে এক বছরের জন্য ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক পদে চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া হলো। এ নিয়োগের অন্যান্য শর্ত চুক্তিপত্র দিয়ে নির্ধারিত হবে বলে প্রজ্ঞাপনে জানানো হয়েছে। গত রোববার (৮ মার্চ) ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক আব্দুস সালাম ব্যাপারী পদত্যাগ করেন। এর পরদিন ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালকের (এমডি) দায়িত্ব দেওয়া হয় স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব মুহা. মনিরুজ্জামানকে। নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে তাকে এ দায়িত্ব দিয়ে স্থানীয় সরকার বিভাগ থেকে একটি অফিস আদেশ জারি করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ রিহাব)

## টোকা দিয়ে ফেলতে যেও না, তোমাদের বাপ-মায়ের বিয়ের আগে থেকে রাজনীতি করি

যারা রাজনীতির নামে মিথ্যাচার ও অপপ্রচার চালাচ্ছেন তাদের সতর্ক করে বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও প্রধানমন্ত্রীর উপদেষ্টা মীর্জা আব্বাস বলেছেন, আমার রাজনৈতিক ক্যারিয়ার এক বছরের না, বহুদিনের। তোমাদের অনেকের তখন জন্ম হয় নাই, বাপ-মায়েরও বিয়ে হয় নাই। সুতরাং এই ক্যারিয়ারকে টোকা দিয়ে ফেলে দেওয়ার চেষ্টা করো না। সরকারের বিরুদ্ধে যারা স্লোগান দিচ্ছেন তাদের উদ্দেশ্যে তিনি বলেন, গতকাল (সোমবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোনো এক জায়গায় দেখলাম, সরকারের বিরুদ্ধে স্লোগান নিয়ে মাঠে নেমে গেছেন। কার বিরুদ্ধে স্লোগান দেন? এই সরকার নির্বাচিত সরকার। আপনারা ভাববেন না যে, এই সরকার আওয়ামী লীগের মতো রাতের ভোটের সরকার। মঙ্গলবার (১০ মার্চ) রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে আয়োজিত এক ইফতার মাহফিলে তিনি এসব কথা বলেন। ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করে মাল্টিমিডিয়া রিপোর্টার্স ইউনিটি। মীর্জা আব্বাস বলেন, এই সরকার কিন্তু কোটি লোকের ভোটে নির্বাচিত সরকার। স্লোগান দিয়ে দাবির কথা

বলতে পারেন। দাবি জানানোর একটা সিস্টেম আছে, সিস্টেমে আসেন। দয়া করে দেশের এই অবস্থায় সরকারকে বিব্রত করার চেষ্টা করবেন না। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ রিহাব)

## প্রসিকিউটরদের বিরুদ্ধে অভিযোগ তদন্তে ৫ সদস্যের কমিটি

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের কয়েকজন প্রসিকিউটরের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের তদন্তে চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলামের নেতৃত্বে পাঁচ সদস্যের কমিটি গঠন করা হয়েছে। মঙ্গলবার (১০ মার্চ) চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম এ কমিটি গঠন করেন, যার নেতৃত্বে তিনি নিজেই রয়েছেন বলে সাংবাদিকদের জানান তিনি। বাকি সদস্যরা হলেন- প্রসিকিউটর আবদুস সোবহান তরফদার, মার্জিনা রায়হান মদিনা, জহিরুল আমিন, ট্রাইব্যুনালের একজন গবেষণা কর্মকর্তা। এর আগে, তদন্ত কমিটি গঠন করা হবে বলে দুপুরে সাংবাদিকদের জানান চিফ প্রসিকিউটর। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ রিহাব)

## টিএসসিতে দুই নারীকে লাঞ্ছনার ঘটনায় ঢাবির ৩ শিক্ষার্থী বহিষ্কার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি এলাকায় দুই নারীকে লাঞ্ছিত করার সঙ্গে সম্পৃক্ত থাকায় তিন শিক্ষার্থীকে ৬ মাসের জন্য বহিষ্কার করা হয়েছে। গত ২৪ ফেব্রুয়ারি ভোরে টিএসসি এলাকায় দুই পুরুষ ও দুই নারীকে লাঞ্ছনার ঘটনায় তাদের বহিষ্কার করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসন। মঙ্গলবার (১০ মার্চ) সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর থেকে গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়, তদন্ত কমিটির সুপারিশের আলোকে ৩ জন শিক্ষার্থীকে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ৬ মাসের জন্য বহিষ্কার করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় অর্ডারে প্রদত্ত ক্ষমতাবলে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক সাইফুদ্দীন আহমদ তাদের বহিষ্কার করেন। বহিষ্কৃত শিক্ষার্থীরা হলো- ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২৪ সেশনের থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের শাহরিয়ার ইসলাম তুষার, বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগের রাকিব আহমেদ এবং নৃ-বিজ্ঞান বিভাগের শাহরিয়ার তানজিল।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ রিহাব)

## নারীরা ক্রমেই মৌলবাদী শক্তির লক্ষ্যবস্তুতে পরিণত হচ্ছেন

নারীরা ক্রমেই মৌলবাদী শক্তির লক্ষ্যবস্তুতে পরিণত হচ্ছেন বলে জানিয়েছেন আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। নারী কমিশন গঠনকে সমর্থন জানিয়ে তিনি বলেছেন, বিদ্যমান আইনকে পাশ কাটিয়ে নয়, বরং উত্তরাধিকার অধিকারের প্রশ্নে কার্যকর বিকল্প নিয়ে ভাবতে হবে। মঙ্গলবার (১০ মার্চ) বাংলাদেশ সামরিক জাদুঘরে আন্তর্জাতিক নারী দিবস ২০২৬ উপলক্ষ্যে মানুষের জন্য ফাউন্ডেশন (এমজেএফ) আয়োজিত এক জাতীয় সেমিনারে তিনি এ কথা বলেন। এ বছর নারী দিবসের বৈশ্বিক প্রতিপাদ্য ছিল- 'সকল নারী ও কন্যাশিশুর জন্য অধিকার, ন্যায়বিচার ও কার্যকর পদক্ষেপ'। আইনমন্ত্রী বলেন, নারী, কন্যাশিশু ও জেন্ডার বৈচিত্র্যময় মানুষের ন্যায়বিচার প্রাপ্তির পথে যে সামাজিক ও প্রাতিষ্ঠানিক বাধা রয়ে গেছে, তা জরুরি ভিত্তিতে দূর করতে হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ রিহাব)

## ১০ কোটি টাকার প্রতারণা মামলায় যুবক গ্রেফতার

১০ কোটি টাকার প্রতারণার মামলায় হাসিবুল হাসান রাজিব (৩০) নামের এক যুবককে গ্রেফতার করেছে পুলিশ। সোমবার (৯ মার্চ) রাতে রাজধানীর পল্টন এলাকা থেকে তাকে গ্রেফতার করে ডিএমপির চকবাজার থানা পুলিশ। মঙ্গলবার (১০ মার্চ) চকবাজার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল্লাহ আল মামুন জাগো নিউজকে গ্রেফতারের বিষয়টি নিশ্চিত করেন। তিনি জানান, ১০ কোটি টাকার প্রতারণা মামলায় হাসিবুলকে গ্রেফতার করা হয়। তাকে রিমান্ডের আবেদনসহ আদালতে সোপর্দ করা হয়েছে। জানা গেছে, রাজধানীতে অবস্থিত নাহিদ এন্টারপ্রাইজ নামের প্রতিষ্ঠানটিতে চাকরির সুযোগ নিয়ে প্রতারণা করে গত পাঁচ বছরে (২০১৯-২০২৪) বিভিন্ন সময়ে এই যুবক বিপুল অঙ্কের টাকার হাতিয়ে নেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ রিহাব)

## মধ্যপ্রাচ্যে যুদ্ধ; প্রবাসীদের কল্যাণে ঢাকায় নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন

মধ্যপ্রাচ্যে যুদ্ধ পরিস্থিতিতে প্রবাসীদের কল্যাণ নিশ্চিতকল্পে ঢাকায় নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন করেছে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। মঙ্গলবার (১০ মার্চ) মন্ত্রণালয় থেকে জারি করা এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, আগামী ১৬ মার্চ পর্যন্ত প্রতিদিন সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত এ নিয়ন্ত্রণ কক্ষ চালু থাকবে। এতে তিন শিফটে ২১ কর্মকর্তা ও ৪২ কর্মচারী দায়িত্ব পালন করবেন। প্রবাসী কল সেন্টার, লিফট-৭, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা এই ঠিকানায় নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন করা হয়েছে। অফিস আদেশে আরও বলা হয়, নিয়ন্ত্রণ কক্ষের সার্বিক ব্যবস্থাপনায় থাকবেন ওয়েজ আর্নারস কল্যাণ বোর্ডের মহাপরিচালক ব্যারিস্টার মো. গোলাম সরওয়ার ভূঁইয়া এবং নিয়ন্ত্রণ কক্ষের ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের কর্মসংস্থান-১ শাখার উপ-সচিব মো. হেদায়েতুল ইসলাম মন্ডল। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ রিহাব)

## মালয়েশিয়ার সঙ্গে সম্পর্ক আরও জোরদারের আশা হাইকমিশনারের

বাংলাদেশ ও মালয়েশিয়ার দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদারের আশাবাদ ব্যক্ত করেছেন ঢাকায় নিযুক্ত মালয়েশিয়ার হাইকমিশনার মোহাম্মদ শুহাদা ওসমান। পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদের সঙ্গে সৌজন্য সাক্ষাতে

বাণিজ্য, প্রযুক্তি, জনশক্তি ও উদীয়মান খাতে সহযোগিতা বাড়ানোর বিষয়টি গুরুত্ব পায়। মঙ্গলবার (১০ মার্চ) পররাষ্ট্র মন্ত্রণালয়ে অনুষ্ঠিত বৈঠকে মালয়েশিয়ার হাইকমিশনার প্রতিমন্ত্রী শামা ওবায়েদকে দায়িত্ব গ্রহণের জন্য অভিনন্দন জানান। তিনি তারেক রহমানের নেতৃত্বে নবনির্বাচিত সরকারের প্রতি মালয়েশিয়া সরকারের উষ্ণ শুভেচ্ছা ও শুভকামনা জানান। হাইকমিশনার আশা প্রকাশ করেন, নতুন নেতৃত্বে দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক আরও শক্তিশালী হবে। তিনি জানান, বাংলাদেশের প্রধানমন্ত্রীকে মালয়েশিয়ায় সফরের আমন্ত্রণ জানানো হবে, যা দুই দেশের দীর্ঘস্থায়ী অংশীদারিত্বকে আরও এগিয়ে নিতে সহায়ক হবে। বৈঠকে প্রতিমন্ত্রী শামা ওবায়েদ বাংলাদেশ-মালয়েশিয়া সম্পর্ক উন্নয়নে সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার অবদানের কথা তুলে ধরেন। তিনি বলেন, বাংলাদেশ সরকার দ্বিপাক্ষিক সহযোগিতা এগিয়ে নিতে প্রতিশ্রুতিবদ্ধ। একইসঙ্গে স্বচ্ছতা, জবাবদিহি ও দুর্নীতি দমনে সরকারের দৃঢ় মনোযোগ রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ রিহাব)

## ঈদযাত্রায় স্বস্তি দিতে অবৈধ বাস কাউন্টার উচ্ছেদে কঠোর হচ্ছে ডিএসসিসি

আসন্ন পবিত্র ঈদুল ফিতরে ঘরমুখো মানুষের ঈদযাত্রা নিরাপদ, স্বস্তিদায়ক ও নির্বিঘ্ন করতে ব্যাপক প্রস্তুতি নিয়েছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি)। মঙ্গলবার (১০ মার্চ) এ সংক্রান্ত জরুরি সভা অনুষ্ঠিত হয়েছে। এতে সভাপতিত্ব করেন ডিএসসিসি প্রশাসক মো. আব্দুস সালাম। সভার সিদ্ধান্ত অনুযায়ী, যাত্রীদের ভোগান্তি নিরসন এবং যানজটমুক্ত সড়ক নিশ্চিত করতে ডিএসসিসির পক্ষ থেকে টার্মিনাল ব্যবস্থাপনা আধুনিকায়ন, অবৈধ কাউন্টার উচ্ছেদ এবং অবকাঠামোগত উন্নয়নে বিশেষ পদক্ষেপ নেওয়া হচ্ছে। সমন্বিত এ সভায় ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা সড়ক পরিবহণ বাস মালিক সমিতি, সায়েদাবাদ আন্তঃজেলা বাস টার্মিনাল পরিবহণ মালিক সমিতি ও সায়েদাবাদ আন্তঃজেলা বাস টার্মিনাল পরিবহণ শ্রমিক কমিটির সদস্যরা অংশগ্রহণ করেন। সায়েদাবাদ আন্তঃজেলা বাস টার্মিনালসহ এর আশপাশের এলাকার যানজট নিরসনে সায়েদাবাদ ব্রিজের ঢাল থেকে টিটি পাড়া পর্যন্ত সড়কের পাশের সব অবৈধ টিকিট কাউন্টার সময় নির্ধারণ করে নোটিশ দিয়ে অপসারণ করা হবে। এছাড়া, টার্মিনালের অভ্যন্তরে থাকা সব অবৈধ দোকান উচ্ছেদে দ্রুত অভিযান পরিচালনা করা হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ রিহাব)

## সীমান্তে মাদক-চোরাচালানের তথ্য জানানো যাবে বিজিবির অ্যাপে

সীমান্তে অবৈধ অনুপ্রবেশ, মাদক ও চোরাচালানের তথ্য জানাতে অ্যাপস ও হটলাইনে যোগাযোগের অনুরোধ জানিয়েছে বর্ডার গার্ড অব বাংলাদেশ (বিজিবি)। মঙ্গলবার (১০ মার্চ) বিজিবির জনসংযোগ কর্মকর্তা মো. শরীফুল ইসলাম এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান। বিজ্ঞপ্তিতে শরীফুল ইসলাম বলেন, সীমান্তে অবৈধ অনুপ্রবেশ, মাদক ও চোরাচালান প্রতিরোধে সতর্ক রয়েছে বিজিবি। এ সংক্রান্ত তথ্য থাকলে 'Report to BGB' অ্যাপ অথবা ০১৭৬৯৬০০৫৫৫ নম্বরে বিজিবিকে জানান। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ রিহাব)

## প্রধানমন্ত্রীর কর্মপরিকল্পনায় নারীর ক্ষমতায়নের রূপরেখা থাকবে

প্রধানমন্ত্রী তারেক রহমানের ১৮০ দিনের কর্মপরিকল্পনায় নারীর ক্ষমতায়ন ও উন্নয়নে স্পষ্ট রূপরেখা থাকবে বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ। তিনি বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমান খুব শিগ্গির ১৮০ দিনের কর্মপরিকল্পনা চূড়ান্ত করতে যাচ্ছেন। এ পরিকল্পনায় নারীর ক্ষমতায়ন ও উন্নয়নের জন্য অগ্রাধিকারমূলক পদক্ষেপগুলো বাস্তবায়নের রূপরেখা থাকবে। মঙ্গলবার (১০ মার্চ) আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এসময় তিনি এমন একটি উদার ও সহনশীল সমাজ গড়ার আহ্বান জানান, যেখানে নারীরা কোনো ভয় বা বাধা ছাড়াই কাজ করতে পারবেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উইমেন অ্যান্ড জেন্ডার স্টাডিজ বিভাগ, জাতিসংঘ বাংলাদেশ এবং লোকাল কনসালটেটিভ গ্রুপ অন উইমেনস অ্যাডভান্সমেন্ট অ্যান্ড জেন্ডার ইকুয়ালিটির যৌথ উদ্যোগে ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ রিহাব)

## ব্যাঙের ছাতার মতো গড়ে ওঠা ক্লিনিক সীমাবদ্ধ করতে হবে : স্বাস্থ্যমন্ত্রী

সারা দেশে ব্যাঙের ছাতার মতো গড়ে ওঠা ক্লিনিক সীমাবদ্ধতার মধ্যে আনার তাগিদ দিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন। মঙ্গলবার (১০ মার্চ) হোটেল সোনারগাঁওয়ে বাংলাদেশ প্রাইভেট হসপিটাল, ক্লিনিক অ্যান্ড ডায়াগনস্টিক অ্যাসোসিয়েশন (বিপিএইচসিডিএ) আয়োজিত ইফতার ও দোয়া মাহফিলে তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে ড্যাবের প্রধান উপদেষ্টা এবং বিএনপি চেয়ারম্যানের উপদেষ্টা কাউন্সিলের সদস্য অধ্যাপক ডা. ফরহাদ হালিম ডোনার বলেন, ব্যাঙের ছাতার মতো কিছু কিছু প্রাইভেট ক্লিনিক গড়ে উঠছে। এ ব্যাপারে মন্ত্রী ও অ্যাসোসিয়েশনের নজর দেওয়া উচিত। স্বাস্থ্য খাতে উন্নতি করতে হলে বেসরকারি খাতে লক্ষ্য রাখতে হবে। জবাবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী বলেন, ব্যাঙের ছাতার মতো গড়ে ওঠা ক্লিনিক সীমাবদ্ধতার মধ্যে আনতে হবে। আপনাদের (প্রাইভেট হসপিটাল, ক্লিনিক অ্যান্ড ডায়াগনস্টিক অ্যাসোসিয়েশন) সবার সহযোগিতায় আমরা স্বাস্থ্য সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে চাই। সভাপতির বক্তব্যে ডা. মোসাদ্দেক হোসেন বিশ্বাস ডাম্বেল বলেন, কোনো মানহীন হাসপাতাল বা ডায়াগনস্টিক সেন্টারের দায়িত্ব আমরা নেবো না।

(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৩.২০২৬ রিহাব)

# BBC

**'NO NATION TAKES MORE PRECAUTIONS TO ENSURE NO TARGETING OF CIVILIANS THAN THE US': HEGSETH**

The defence secretary is asked about what measures the Pentagon is taking to minimize civilian casualties in strikes inside Iran. "No nation takes more precautions to ensure there's never targeting of civilians than the United States of America," Hegseth says. He says they will investigate any allegations that needs looking into, and "open source is not the place to determine what did and did not happen". The question comes amid reports that a US missile hit a military base near a school in Iran. (BBC News Web Page: 10/03/26, FARUK)

**US 'LOOKING AT OPTIONS' TO ESCORT SHIPS THROUGH STRAIT OF HORMUZ: CAINE**

Chair of the Joint Chief's of Staff Gen Dan Caine is asked whether the military is open to escorting vessels through the Strait of Hormuz. Caine says he is "looking at a range of options to set the military conditions to be able to do that", including looking at risk factors and resources required to do it. Hegseth steps in, referring to Donald Trump's post on Truth Social last night threatening Iran against stopping the flow of oil through the shipping route. (BBC News Web Page: 10/03/26, FARUK)

**US-ISRAELI FORCES 'WINNING DECISIVELY': DEFENCE SECRETARY**

Hegseth says this is not an example of "the endless nation building" seen under previous US presidents Bush and Obama. The US is "winning decisively with brutal efficiency, total air dominance and an unbreakable will to accomplish the president's objectives," he says. "We stay locked on the target," Hegseth adds. (BBC News Web Page: 10/03/26, FARUK)

**IRAN LAUNCHES ATTACKS ON ISRAEL, QATAR AND THE UAE**

Israel, Qatar and the UAE are all reporting fresh Iranian missile attacks towards their countries. The Israel Defence Forces (IDF) says defensive systems are operating to intercept them, and that a warning message has been sent to those in affected areas. The UAE Ministry of Defence says its air defence are "currently responding to oncoming missile and drone threats from Iran". It asks those nearby to "adhere to the safety and security instructions". Meanwhile, the Qatar Ministry of Defence says armed forces have intercepted a missile attack targeting the country. (BBC News Web Page: 10/03/26, FARUK)

**OIL PRICES FALL FROM PEAK - BUT REMAIN HIGHER THAN BEFORE WAR**

Oil prices have fluctuated substantially since the onset of the war - reaching a peak on Monday of almost $120 a barrel. It currently sits around $90 a barrel. Prices spiked over fears that the conflict could cause disruption to supplies from the Middle East through the Strait of Hormuz. Donald Trump has threatened that Iran would be hit "TWENTY TIMES HARDER" if the flow of oil through the Strait was stopped.
(BBC News Web Page: 10/03/26, FARUK)

**EXPLOSIONS REPORTED IN TEHRAN AFTER ISRAELI STRIKE WARNING**

There have been two explosions in Tehran, according to AFP journalists in the Iranian capital, shortly after the Israeli military warned it had begun a wave of strikes on the city. The image above, of a blast in the eastern part of the city, has been shared with the BBC.
(BBC News Web Page: 10/03/26, FARUK)

**MORE THAN 200 WOMEN AND CHILDREN KILLED IN IRAN SINCE START OF WAR: GOVERNMENT**

The number of people killed in Iran since the start of the war has reached 1,332 - including 206 women and children - according to Iranian government officials. Government spokesperson Fatemeh Mohajerani also claims dozens of health centres have been targeted by strikes. (BBC News Web Page: 10/03/26, FARUK)

**SEVENTH US SOLDIER KILLED IN WAR RETURNS TO US**

A coffin carrying the seventh US soldier to be killed in the US-Israel war with Iran has been returned to the United States overnight. Sgt Benjamin N Pennington died following injuries sustained on a strike on Prince Sultan Air Base in Saudi Arabia last week. Vice President JD Vance and Secretary of Defense Peter Hegseth were in attendance at the ceremony as the coffin was unloaded. (BBC News Web Page: 10/03/26, FARUK)

**MADAGASCAR MILITARY LEADER SACKS CABINET IN SURPRISE MOVE**

Madagascar's military ruler Col Michael Randrianirina has dissolved the government unexpectedly, dismissing the prime minister and the entire cabinet, according to a statement from his spokesperson. "The government has ceased its functions" it said, adding that Randrianirina will appoint a new prime minister "in line with the provisions stipulated by the constitution". No reason was given for the move. Randrianirina seized power last October from Andry Rajoelina, following weeks of youth-led protests on the Indian Ocean island. Rajoelina had been elected president for a third term in a disputed poll in 2023.
(BBC News Web Page: 10/03/26, FARUK)

**UK PREPARING SHIP FOR POSSIBLE MEDITERRANEAN DEPLOYMENT**

The UK Ministry of Defence says RFA Lyme Bay is being prepared in case it is needed to help out in the Eastern Mediterranean. In a statement this morning sn MOD spokesperson says: "As part of prudent planning, we have taken the decision to bring RFA Lyme Bay to heightened readiness as a precaution, should she be needed to assist in maritime tasks in the Eastern Mediterranean." RFA Lyme Bay is a landing ship with medical facilities on board - at present it's in Gibraltar. The UK is also sending the warship HMS Dragon to the Mediterranean, with Defence Secretary John Healey saying yesterday that it would leave Portsmouth in the next couple of days. (BBC News Web Page: 10/03/26, FARUK)

**BRITISH AIR DEFENCE TAKES OUT DRONE IN IRAQI AIRSPACE OVERNIGHT**

A British air defence system took out a drone in Iraqi airspace overnight, the UK Ministry of Defence says. The MoD says a ground-based British counter-uncrewed aerial systems unit took out the drone, which it says was "heading towards coalition forces". The department says that British pilots have completed "more than 230 flying hours" on defence operations in the region. It comes after the MoD announced this morning, a ship - the RFA Lyme Bay - is being prepared in case it is needed in the eastern Mediterranean. It is currently in Gibraltar.
(BBC News Web Page: 10/03/26, FARUK)

**LEBANON CALLS FOR TALKS WITH ISRAEL ON PLAN TO END HEZBOLLAH CONFLICT**

Lebanon's president has called for direct negotiations with Israel as part of a proposal to end the escalating conflict with Hezbollah, while sharply criticizing the Iran-backed group for dragging the country into a wider regional war. A spokesperson for President Joseph Aoun told the BBC that Lebanon was ready to negotiate, but not while the country remained under Israeli fire. Speaking during a virtual meeting with senior European Union officials on Monday, Aoun outlined what he described as a path towards "permanent security and stability arrangements on our borders". Israeli officials have shown little sign of backing negotiations, and the government did not immediately comment.
(BBC News Web Page: 10/03/26, FARUK)

**FIVE IRANIAN FOOTBALLERS GRANTED AUSTRALIAN VISAS AFTER ANTHEM PROTEST**

Five members of the Iranian women's football team have been granted humanitarian visas in Australia after their elimination in the Asian Cup, the government in Canberra says. Immigration Minister Tony Burke said the women "were moved to a safe location" by Australian police. He said other squad members had been told they were welcome to stay in the country. The women had been due to fly home, but supporters had raised fears for their safety after the team declined to sing the national anthem ahead of their match against South Korea last week. This prompted criticism in Iran, with one conservative commentator accusing the team of being "wartime traitors" and pushing for harsh punishment.
(BBC News Web Page: 10/03/26, FARUK)

# :: THE END ::